কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪২ সংখ্যা ৩৫ কলকাতা বুধবার, ৩০ মার্চ ২০২২/১ ১৫ চৈত্র ১৪২৮ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

2021 GNM/ BSC(N)
ভর্তি হবার শেষ সুযোগ
(WBNC / KNC)
S S EDUCATION
Contact : 9073582204
9073731837 / 7003134438
2021 MBBS/BDS/BAMS

## কেন্দ্রীয় সরকারে ৩৬০৩ মাধ্যমিক

হাবিলদার পদে ৩,৬০৩ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। একই সঙ্গে মাল্টি টাস্কিং স্টাফ পদে নিয়োগের কথাও ঘোষণা করেছে স্টাফ সিলেকশন কমিশন। তবে এক্ষেত্রে শূন্যপদের সংখ্যা এখনও জানানো হয়নি। পুরুষ ও মহিলা উভয়েই আবেদন করতে পারেন। হাবিলদার পদের ক্ষেত্রে নিয়োগ করা হবে সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সে।

**শূন্যপদের বিবরণ: হাবিলদার:** ৩,৬০৩টি (সাধারণ ১,৫৫১, তফসিলি জাতি ৪৭০, তফসিলি উপজাতি ৩০০, ও বি সি ৯২২, আর্থিক ভাবে অনগ্রসর ৩৬০)। এর মধ্যে ৩৫৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী, ৪৮টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী, ৪৯টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৪২টি শূন্যপদ অন্যান্য ক্যাটেগরির প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ।

**বয়স:** কিছু মাল্টি টাস্কিং স্টাফ এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সে হাবিলদার পদের ক্ষেত্রে ১-১-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। কিছু মাল্টি টাস্কিং স্টাফ এবং সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমসে হাবিলদার পদের ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২২ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০৪-এর মধ্যে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না, আইনত স্বামীবিচ্ছিন্না প্রার্থীরা পুনরায় বিবাহ না করে থাকলে ও ৩৫ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন।

**বেতন:** সপ্তম বেতন কমিশনের

এরপর ছয়ের পাতায়

## রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ২৯৪ গ্রেড 'বি' অফিসার

বিভিন্ন বিভাগে গ্রেড 'বি' অফিসার নিয়োগ করবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। প্রার্থী বাছাই করবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া সার্ভিসেস বোর্ড। ২ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। শূন্যপদ ২৯৪। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2A/2021-22 এবং 3A/2021-22.

**শূন্যপদের বিবরণ: অফিসার-গ্রেড 'বি' (জেনারেল):** ২৩৮টি (সাধারণ ১০৯, তফসিলি জাতি ৩২, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৫৯, আর্থিক ভাবে অনগ্রসর ২৩)। এর মধ্যে ২২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক অথবা ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে পাশ নম্বর) নম্বর বা সমতুল গ্রেড-সহ যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রি।

**অফিসার-গ্রেড 'বি' (ডিপার্টমেন্ট অব ইকনমিক্স অ্যান্ড পলিসি রিসার্চ):** ৩১টি

এরপর ছয়ের পাতায়

## গোরখপুর এইমসে ১০৮

প্রফেসর, অ্যাডিশনাল প্রফেসর, অ্যাসোসিয়েট প্রফেসর এবং অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ১০৮ জনকে নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। নিয়োগ হবে গোরখপুর ক্যাম্পাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: AIIMS/GKP/RECT/FACULTY/2022/303.

শূন্যপদের বিবরণ: প্রফেসর: ২৯টি, অ্যাডিশনাল প্রফেসর: ২২টি, অ্যাসোসিয়েট প্রফেসর: ২৪টি, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ৩৩টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে।

এরপর ছয়ের পাতায়

## রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে ১১১

টেকনিশিয়ান পদে ১১১ জনকে নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। নিয়োগ করা হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায়। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র মুম্বই ও নাগপুরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01032022.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড TECHMECH/032022: **মেকানিক্যাল:** ৫২টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। পোস্ট কোড TECHELECT/032022: **ইলেক্ট্রিক্যাল:** ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ শ্রবণ এবং অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয় বা সমতুল শাখায় ডিপ্লোমা পাশ। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে ল্যাটেরাল এন্ট্রিতে ডিপ্লোমা পাশ। এর পাশাপাশি অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (সংশোধিত ১৯৭৩) অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে।

পোস্ট কোড TECHINSTR/032022: **ইনস্ট্রুমেন্টেশন:** ২৮টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্সে বি এসসি, বি এসসিতে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। সঙ্গে ইনস্ট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্লান্ট) ট্রেডে ন্যাশনাল কাউন্সিল অব ভোকেশনাল ট্রেনিং (এন সি ভি টি) কোর্স পাশ করে থাকতে হবে। অথবা ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা সমতুল শাখায় ডিপ্লোমা। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে বা সমতুল শাখায় ল্যাটেরাল এন্ট্রিতে ডিপ্লোমা। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে ল্যাটেরাল এন্ট্রিতে ডিপ্লোমা। ডিপ্লোমাধারীদের

এরপর ছয়ের পাতায়

## গোয়া শিপইয়ার্ডে ২৪০

স্ট্রাকচারাল ফিটার, থ্রি জি ওয়েল্ডার, ইলেক্ট্রনিক মেকানিক, ইলেক্ট্রিক্যাল মেকানিক, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-সহ বিভিন্ন পদে ২৪০ জন কর্মী নেবে গোয়া শিপইয়ার্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2022.

**শূন্যপদের বিবরণ: স্ট্রাকচারাল ফিটার:** শূন্যপদ ৩৪টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** স্ট্রাকচারাল ফিটার বা ফিটার বা ফিটার জেনারেল বা শিট মেটাল ওয়ার্কার ট্রেডে আই টি আই এবং এন সি টি ভি টি (ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ) সার্টিফিকেট থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। মাজাগন শিপবিল্ডার্স বা কোচিন শিপইয়ার্ড বা গোয়া শিপইয়ার্ড থেকে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৫,১০০-৫৩,০০০ টাকা।

**ওয়েল্ডার:** শূন্যপদ ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ওয়েল্ডার ট্রেডে আই টি আই কোর্স পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের

এরপর সাতের পাতায়

## দেশবন্ধু কলেজে ১২৯ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ১২৯ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে দিল্লির দেশবন্ধু কলেজ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DBC/Advt./Teaching/01/2022/01.

**বিষয় অনুসারে শূন্যপদ:** বায়োকেমিস্ট্রি: ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২)। বটানি: ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কেমিস্ট্রি: ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। কমার্স: ৫টি (সাধারণ ৩, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। কম্পিউটার সায়েন্স: ৩টি (সাধারণ ১, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। ইকনমিক্স: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১)। ইংলিশ: ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। এনভায়রনমেন্টাল সায়েন্স: ৩টি (ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। হিন্দি: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি ১)। হিস্ট্রি: ১৩টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩, দৈহিক প্রতিবন্ধী ১)। ম্যাথমেটিক্স: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭,

এরপর ছয়ের পাতায়

## অসম রাইফেলসে ১০৪ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ১০৪ জন খেলোয়াড় নেবে অসম রাইফেলস। প্রার্থীদের নিয়োগ করা হবে রাইফেলম্যান/রাইফেল-উওম্যান (জেনারেল ডিউটি) পদে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে— ফুটবল, বক্সিং, রোয়িং, আর্চারি, ক্রস কান্ট্রি, অ্যাথলেটিক্স, পোলো। পুরুষ-মহিলা উভয়েই আবেদনের যোগ্য।

**ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের বিন্যাস: ফুটবল:** মোট শূন্যপদ ২০টি: পুরুষ ১০, মহিলা ১০। **বক্সিং:** মোট শূন্যপদ ২১টি: পুরুষ ১১ (ক্যাটেগরি: ৪৬-৪৮ কেজি, ৪৮-৫১ কেজি, ৫১-৫৪ কেজি, ৫৪-৫৭ কেজি, ৭৫-৮০ কেজি, ৮০-৮৬ কেজি), মহিলা ১০ (ক্যাটেগরি: ৪৬-৪৮ কেজি, ৪৮-৫০ কেজি, ৫০-৫২ কেজি, ৫২-৫৪ কেজি, ৫৭-৬০ কেজি)। **রোয়িং:** মোট শূন্যপদ ১৮টি: পুরুষ ৮, মহিলা১০ (উভয় ক্ষেত্রেই ক্যাটেগরি: সিঙ্গল স্কাল, কক্স পেয়ার)। **আর্চারি:** মোট শূন্যপদ ১৫টি: পুরুষ ৯, মহিলা ৬ (উভয় ক্ষেত্রেই ক্যাটেগরি: রিকার্ভ ডিভিশন, কম্পাউন্ড ডিভিশন, ইন্ডিয়ান রাউন্ড)। **ক্রস কান্ট্রি:** মোট শূন্যপদ ১০টি: পুরুষ ১০ (ক্যাটেগরি: ৩০ মিনিটের কম সময়ে ১০ কিলোমিটার)। **অ্যাথলেটিক্স:** মোট শূন্যপদ ১০টি: পুরুষ ১০ (ক্যাটেগরি: ৪০০ মিটার, ৩,০০০ মিটার, ৫,০০০ মিটার, লং জাম্প, জ্যাভলিন)। **পোলো:** মোট শূন্যপদ ১০টি: পুরুষ ৪, মহিলা ৬।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল।

এরপর আটের পাতায়

## রেলটেলে ১০৩ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১০৩ জন তরুণ-তরুণীকে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রেলটেল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ (১৯৭৩ সালে সংশোধিত) অনুসারে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার্স এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ক্যাটেগরিতে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা ইতিমধ্যেই কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা নিচ্ছেন বা যাঁদের অন্তত এক বছরের কাজের অভিজ্ঞতা রয়েছে, তাঁরা আবেদন করবেন না।

**শিক্ষাগত যোগ্যতা:** এ আই সি টি ই স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে চার বছরের বি ই বা বি টেক অথবা তিন বছরের ডিপ্লোমা। বিষয়গুলি হল: ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, টেলি-কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন অথবা ইঞ্জিনিয়ারিংয়ের কোনও কম্বিনেশন যেখানে ইলেক্ট্রনিক্স প্রধান বিষয়। অথবা, উপরোক্ত ইঞ্জিনিয়ারিং বিষয়গুলির যে-কোনওটিতে ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং (ইন্ডিয়া)-এর সেকশন 'এ' এবং 'বি' পাশ অথবা, ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর গ্র্যাজুয়েট মেম্বারশিপ এক্সামিনেশন পাশ।

**বয়স:** ৩১-১-২০২২ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ১৪,০০০ টাকা এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ১২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীকে প্রথমে নিজের নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://portal.mhrdnats.gov.in অনলাইন আবেদনও করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে। অনলাইন আবেদনের শেষ তারিখ ৪ এপ্রিল। নাম নথিভুক্তির সময় স্ক্যান করে আপলোড করতে হবে এই সব নথি: আধার কার্ড, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র (উভয়ই পি ডি এফ ফর্ম্যাটে ১ এমবি সাইজের মধ্যে) এবং পাসপোর্ট মাপের ফটো (জেপেগ ফর্ম্যাটে ২০০ কেবি সাইজের মধ্যে)। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ফুরোবার আগেই সংগ্রহ করুন



# কর্মক্ষেত্র
## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

Required a female office assistant at 'Urbana' NRI complex south Kolkata. Email- rahulstaar@gmail. com. Contact- 90075-36000.

□

টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/মহিলা ঘরে বসে রোজগার ১৮০০০-৪৫০০০/- মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/WApp/SMS 98313-94641, 84204-40306

□

আহমেদাবাদ গুজরাটে জুয়েলারী কারখানাতে কাজের জন্য ফাইলিং সেটিং। পালিশ কারিগর প্রয়োজন থাকার ব্যবস্থা আছে। 85119-35191.

□

Urgently require people (grad/masters) as full-time academic writer. Salary: 13k to 18k. Send CV to a2zplanner.hr@gmail.com

□

Need hospital marketing, pharmacy incharge, OT Technician Min 5 yrs exp for Royd Nursing Home, 5B Royd Street, Kol. Send CV: navin222in15@gmail.com Phone 98743-76945.

□

Reputed Company looking for VRS/Retd/Housewife/Consultant HS+ 25-65 for Supervisor Post in kolkata. Call HR Ms Dasgupta 98300-40748.

□

Reputed Indian Co reqd VRS/Retd/HouseWife/Businessman HS+ 25-75 for Mngr Post in Kol Part/Full time Job Work from home70039-37136.

□

হাওড়া শহরে Running Nursing home-এর জন্য পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন Marketing HR Matron সত্বর প্রয়োজন ৭ দিনের মধ্যে যোগাযোগ M. 9836860428 Email: alam.soyab@yahoo.co.in

□

Amour India Howrah Hooghly -তে Kent RO Faber Chimney কাজের জন্য সেলস Service Telecaller A/cs চাই যোগ্যতা-HS. 93395-64609 hr@amourindia@org

□

চেতলায়, অসুস্থ মহিলার দেখাশোনা ও অন্যান্য কাজের জন্য পিছুটানহীন মহিলা চাই। বয়স ৪০-এর মধ্যে। থাকা খাওয়া ৭/৮ হাজার। কাজের আরও লোক আছে। Ph. 70037-57468.

□

Wanted Electrical/Civil Engineer minimum 5 yrs experience in warehouse. Mail: info@sribalaji infrabuildrealty.com Call: 98318-08746.

□

বারাসাতে ছোট পরিবারের জন্য ২৪ ঘন্টার কাজের মহিলা চাই। ( VIII পাশ)। মাহিনা - ৯০০০/- . M-92318-98200.

□

Wanted Experience Franchise Manager for Sanshis Pharmaceuticals. Call 97487-79977. sanshisgroup.mkt@gmail.com

□

We are looking for experienced professionals having expertise in C#.net, ASP.net MVC, Node JS, Jquery, CSS, html, javascript, App development, Web development, RDBMS, SQL etc. Please send your resumes to directorjaybtee@gmail.com Website: www.jaybtee.com (Company Name: Jaybtee Computer Solutions Private Limited) Contact no.: 84201-70345.

□

### কর্মখালি

Urgent opening part time job opportunity through Digital Platform. Work from home 30-75 Retd/VRS/House Wife/Businessman 62919-60567.

□

শ্রীলেদার্স, হাওড়া ময়দান শোরুমে সেলসম্যান ও হেল্পার নিয়োগ। ২৭ বছর, দশম মান, বাসস্থান থেকে কর্মস্থান ১ ঘন্টার পথ হওয়া আবশ্যক। সাক্ষাৎ বুধবার (৩০/০৩/২০২২): ১০টা-১২টা বায়োডাটা সহ।

□

Required CNC Operators with Job setting Experience in Turning/VMC Machines. E-Mail biswas.utpal31@gmail.com/Contact: 98368-10664.

□

Bank/ রেল/ Defence/ গভঃ-Retd/VRS-দের সম্মানের সাথে কাজের সুযোগ। 54-64yr HS+. আয় 30K+ Others. No Target. অফিসিয়াল জব। মিঃ ঘোষ-70039-73264.

□

BAMS Doctors urgently required for leading Ayurvedic Institute. Location - West Bengal. Contact: 70011-44674 (Fresher welcome).

□

Wanted 30 Telecallers at New Alipore, Bank Recovery Collection work. Salary 6000-15000/- fresher+exp Call: 78903-36987/96470-38191.

□

ঈশ্বর চন্দ্র পাল গঙ্গা প্রসাদ পাল

অভিজ্ঞ শাড়ির সেলসম্যান (পুরুষ) চাই। ২০৭/৩ মহাত্মা গান্ধী রোড, বড়বাজার (সোনাপট্টি মোড়) কলকাতা-৭০০ ০০৭ ফোন-৯৭৩৩৮-৬৬৫৫৬, ৯০৩৮৯-০৫৯২৯।

□

A renowned company need Floor Manager (F) Salon, Male for Back Office, Interview 28/3, 29/3, Central Plaza, Barasat, Kol-124, M-62907-34663.

□

Central Model School, Amtala requires PGT, TGT, PRT for Maths, Computer (can teach python), Hindi, Accounts with Economics, Science Humanities group. Mail CV to jobscms2@gmail.com, Wapp: 98303-66783.

□

এয়ারপোর্ট ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে male/female নিয়োগ। যোগ্যতা ৮ম - স্নাতক, বেতন 17K-72K. Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। M-90912-19655.

□

নিয়োগ সমাচার এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে অফিসিয়াল ও যাত্রীদের খাবার প্যাকিং লোক নিয়োগ হচ্ছে। Ex-আর্মিদের পদ সংরক্ষিত। বেতন 18700/- - 38300/- M-90915-22973.

□

WEPREP @ Behala hiring experienced Mathematics/Physics/Chemistry/Biology faculty for Board/JEE/NEET, Apply to cv.weprep@gmail.com

□

ভালো রোজগারের সাথে সুন্দর পরিবেশে অফিসিয়াল কাজে পার্টটাইম ম্যানেজার পদ মাসিক আয় 30K+Other 45-64yr HS+ Mrs কর্মকার-87770-58651/98361-49613.

□

Golden Hitachi reqd Male/Female Office Asst. & Customer Relationship Mngr. Telecaller with computer skills. 99038-66634/98316-14197.

□

### কর্মখালি

A Reputed Accounts Firm requires staff with knowledge of Tally Excel. Send CV at pkbassociates58@gmail.com or Contact 87772-61976.

□

চেন্নাই-এ লন্ড্রি ম্যান ও হেল্পার, শেফ অ্যাসিস্ট্যান্ট ও হেল্পার চাই। খাওয়া থাকা ফ্রি। Mass Enterprises. 89258-74445/97893-35888.

□

বাড়িতে 24 ঘন্টা রান্নার কাজের জন্য সুদক্ষ মহিলা লাগবে। বেতন- 9000/-, আমহার্স্টস্ট্রীট, কলিকাতা। M- 87778-18774.

□

Housing Society Requires Manager. Contact vide e-mail: idkolkatta@gmail.com or Mobile-94330-01354 (6.30 to 10PM).

□

1 Mathematics and 1 Physics Teacher Required for an ICSE - ISC School located at Netajinagar. Contact- 99030-46494 / 91230-59310.

□

ICSE ISC affiliated School requires Teachers for Nur. to XII for all subjects. Apply within 7 days with Testimonials, PAN & Adhar at vivekanandaacademy07@gmail.com

□

ভুবনেশ্বর যাইতে ইচ্ছুক স্বামী-স্ত্রীর সংসারে রান্না ও ভদ্রমহিলাকে দেখাশুনা করিবার জন্য, পিছুটানহীন মহিলা চাই। যোগাযোগ- 97016-58811.

□

Kol based ISO software company reqd Data Entry Operator. Monthly salary 8K to 10K+EPF ESIC. Send CV at mail2spectra@yahoo.com

□

Diagnostic Centre, Uttarpara, Hooghly reqd X-Ray Technician, Lady Receptionist B.Sc, Mktg Exec. email to sandipnathroy@yahoo.com

□

নামী MNC/KOL-তে উচ্চপদে Retd/VRS/গৃহবধূ/ব্যবসায়ী (HS+, 35-65) -দের পার্ট টাইমে প্রচুর আয় ও বিদেশ ভ্রমনের সুযোগ। মহিলা টেলিকলারও প্রয়োজন। Arup: 84209-84967.

□

Reqd Expd Part Time Pathologist for reputed Pathological Laboratory at Kasba. Kolk-39 89103-38792.

□

নির্মান সংস্থায় অভিজ্ঞ Site Incharge/Accountant চাই এবং পাটুলিতে Beauty Parlour-এ মহিলা Receptionist চাই। Mob-98304-84007.

□

কলিকাতা Ujjiban Multispeciality Hospital-এ Development and Growth-এর জন্য Executive চাই। যোগাযোগ করুন- 98300-76111, 98300-34458.

□

MNC হিন্দুস্তান লিভার ব্যাঙ্ক DSA ডাবর ব্রিটানিয়া বিস্কফার্ম ও বিভিন্ন তেল কোং-তে 59 জন male/female চাই। বেতন 17k-48k Ex-আর্মিদের অগ্রাধিকার 85360-90801.

□

Pvt ব্রিটানিয়া আমূল আশীর্বাদ কোলগেট বিস্কফার্ম ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 35 জন চাই। ESI PF OT বেতন 13k-40k. 89614-99989.

□

MNC হিন্দুস্তান লিভার, অন্নপূর্ণা, ডাবর, ব্রিটানিয়া কুরকুরে, থামসআপ, চিপস্ কোম্পানিতে 40 জন male/female চাই। PF ESI OT বেতন 13k-45k. 70446-88993.

□

### কর্মখালি

Required Salesman, Agent, Representative, and Consultant for selling boiler fuel oil, Furnace oil. Call/WhatsApp: 79809-16202.

□

CA Firm near Central Metro Station required experienced Staff(M+F) for I-Tax, GST, TDS, NGO Contact-98316-17734 pratap.ca@gmail.com

□

বম্বে হোটেলে সর্বপ্রকার (সবধরনের) রান্নার কাজে 40 অনুর্দ্ধ পুরুষ রাধুনী চাই। থাকা খাওয়া ও বেতন সহ- (M) 99202-62873.

□




The NEET School is looking for the best and most efficient Academic Counsellors in town. Must be very good at communication. Should be young, dynamic a graduate. Freshers are welcome to apply. Lucrative Pay package. Immediate Joining. Call now for telephonic Interview 98300-12448.

□

দক্ষিণ কলকাতার দুইজন প্রবীণ নাগরিক মহিলার দেখাশোনার জন্য একজন ২৪ ঘন্টা মহিলা প্রয়োজন কাজের দায়িত্বগুলির মধ্যে শারীরিক ব্যায়াম, ডায়েট পর্যবেক্ষণ, ওষুধ এবং রক্তে শর্করা সহ স্বাস্থ্য পরীক্ষা করা অন্তর্ভুক্ত। উপযুক্ত বেতন, ভালো পরিবারের সাথে থাকুন। হোয়াটসঅ্যাপ এবং ভয়েস ম্যাসেজের মাধ্যমে 98300-20277/87778-79581 নম্বরে যোগাযোগ করুন।

□

অভিজ্ঞ Security Guard House-keeper Boy চাই। PF, ESI, Bonus. টালিগঞ্জ এরিয়ার জন্য। 10K to 12K. (M): 98839-01938, 98301-86883, 90515-19626.

□

পুরোপুরি ঝঞ্ঝাটহীন চল্লিশোর্ধ পরিচ্ছন্ন সর্বক্ষণের ঘরোয়া যাবতীয় কাজের সুস্বাদু রান্না জানা মহিলা আবশ্যক। বেতন 10,000/- যোগাযোগ করুন- 96412-80169.

□

বারাসাতে জুতোর শোরুমের জন্য জুতোর দোকানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন সেলস্ ম্যান চাই। 82769-39455, 98301-42714.

□

কানাডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, সিঙ্গাপুর Etc. দেশে সুপ্রতিষ্ঠিত হয়ে উচ্চ আয় (24 lacs/year) করুন। খরচ 2-3 lacs "No advance" যোগাযোগ: 83358-46070.

□

দঃ কলি বাঘাযতীনে বাড়ির সব কাজ জানা সর্বক্ষনের জন্য ৩০ - ৪০ বয়সের পুরুষ প্রয়োজন সত্বর যোগাযোগ- 62913-25619/91300-05699.

□

কলকাতা-সহ সারাভারতে 24 ঘন্টা থেকে আয়া রান্না বাচ্চা/পেসেন্ট দেখা ও ঘরোয়া কাজে মেয়ে চাই। 9-60000/- থাকা+খাওয়া। 70591-66264/90515-22914.

□

কলেজস্ট্রিটের নামি প্রকাশনা সংস্থায় কলকাতা, বর্ধমান, ২৪ পরগণা (উঃ/দঃ) জেলায় কলেজ বই মার্কেটিং-এর জন্য দক্ষ লোকের প্রয়োজন। M- 90074-28045/98743-78128.

□

ব্যাঙ্ক DSA-তে পঃ বঙ্গের 20টি জেলায় চাকরি, যোগ্যতা ৮ম - স্নাতক বেতন 14600-72000. ছেলে/মেয়ে নিয়োগ চলছে। এক্স আর্মিদের সুবিধা। M: 80011-71371.

□

### কর্মখালি

নিয়োগের বিজ্ঞপ্তি, কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও ব্যাঙ্ক DSA-তে কর্মী নিয়োগ, এছাড়া পঃ বঙ্গের বিভিন্ন টোল প্লাজাতে জরুরীকালীন নিয়োগ। M: 99078-12852.

□

Opening for Data Entry Associates with Good typing speed. Fixed Salary+incentives based on performance. Walk in at - Tranistics, J-2, 2nd Fl., Block GP Sec-V, Salt Lake. Contact-4088-9191.

□

Books.Com-এ বাড়ি বসে হাতে লিখে/ Comp টাইপ/ ফর্ম ফিলাপ করে সপ্তাহে 6000 - মাসে 30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 85840-78118/89100-49312.

□

প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

W.B L/C No. Kol-50W85, পঃবাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 18,500/- - 34,700/-, ছুটি, বোনাস, ESI, PF. এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help: 97351-35882.

□

AIRPORT ও ব্যাঙ্কে নিয়োগ

বিনা ডোনেশনে এয়ারপোর্টে ও Bank-এ ৮ম-স্নাতক 172 জন কর্মী নিয়োগ। বেতন: 18,300/- - 45,700/-, Ex-আর্মিদের বিশেষ সুবিধা। M: 97334-82561

□

Urgent যাত্রীদের খাবার প্যাকিং-এ এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ১৪২ জন M/F চাই। বেতন: 17,200/- স্থায়ী ৮ ঘন্টা। M: 82760-53588.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

১২ এপ্রিল কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

### কর্মখালি

স্টার হোটেলে 6-20,000

কেন্দ্র ও রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি ও অন্যান্য সুবিধা BSHM, Garia-92316 80651.

□

সরাসরি নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co, ফ্যাক্টরি, শপিংমল, শোরুম, Pvt স্বাস্থ্যকেন্দ্রে M/F চাই। খাওয়া + থাকা ফ্রি। বেতন: 13K-22K. M: 83483-31196.

□

ফোন করলেই চাকরি

Govt. R-No.- 5783 বিনা ডোনেশনে Airport ও Bank (DSA)-তে অষ্টম /স্নাতক M/F 278 জন কর্মী নিচ্ছে। বেতন: 17,400/- - 42,900/-, থাকা খাওয়া ফ্রী। Ex-আর্মি বিশেষ সুবিধা। M: 97337-51641.

□

URGENT JOINING

Govt. L. No. 3695

অনেক কিছু করেছেন। অনেক জায়গায় গিয়েছেন কিন্তু সাফল্যের চাবিকাঠি মেলেনি। এবার আমাদের সামান্য কিছু কর্মী চাই। এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক DSA-তে (৮ম-স্নাতক) বেতন: 16,300/- - 47,500/-, TRIIT, M:97336-93202.

□

আর্জেন্ট ভ্যাকান্সি

মেডিসিন, ড্রাইফ্রুড, বিস্কুট, Co.-তে, প্যাকিং ও লেবেলিং কর্মী চাই। বেতন: 11,000/- - 16,500/-, OT + বোনাস। 83278-79970.

□

সরাসরি ৭ দিনে চাকরি

গভঃ রেজি নং: 254/01, বেতন: 17,900/- – 39,500/-, উঃ বঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV, ইনচার্জ, ASV-ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM টাওয়ার গার্ড Ex আর্মি গানম্যান, মেট্রো এয়ারপোর্ট, জাহাজ বন্দর Co.-তে (ছেলেমেয়ে) সমস্ত সুবিধা। G. C. A, B B N 24 Pgs, Ph: 99335-27495 / 80136-07954. এজেন্ট স্বাগত।

□

## পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কেন্দ্রীয় সরকারে চাকরি

অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পদে ১৫ জনকে নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ (এম এস এম ই) মন্ত্রকে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৬/২০২২। প্রথমে প্রবেশন।

**শূন্যপদের বিবরণ:** ভ্যাকেন্সি নম্বর ২২০৩০৬০২৪২৬: অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর গ্রেড টু (ইকনমিক ইনভেস্টিগেশন): শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে স্মল স্কেল ইন্ডাস্ট্রি সংক্রান্ত সার্ভে ও রিসার্চের কাজ পরিচালনার ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১৪-৪-২০২২ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। নিয়োগ করা হবে এম এস এম ই মন্ত্রকের ডেভেলপমেন্ট কমিশনারের অফিসে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় অথবা অনলাইনে ভিসা বা মাস্টার ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট নেওয়ার শেষ তারিখ ১৫ এপ্রিল।

খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

# রাষ্ট্রায়ত্ত সংস্থায় প্রবেশনারি অফিসার

৭৫ জন প্রবেশনারি অফিসার নেবে ই সি জি সি লিমিটেড। এটি একটি রাষ্ট্রায়ত্ত সংস্থা। প্রবেশন শেষে নিয়োগ করা হবে এক্সিকিউটিভ অফিসার পদে। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

মোট শূন্যপদ: ৭৫টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১০, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। বয়স: ২১-৩-২০২২ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৫৩,৬০০-১,০২,০৯০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৯ মে। অনলাইন পরীক্ষার প্রথম পর্যায়ে থাকবে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। প্রশ্ন হবে এই সব বিষয়ে: রিজনিং এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কম্পিউটার নলেজ, জেনারেল অ্যাওয়্যারনেস এবং কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। মোট নম্বর ২০০। নেগেটিভ মার্কিং আছে। সময়সীমা ২ ঘণ্টা ২০ মিনিট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ডেসক্রিপটিভ টেস্ট। থাকবে ইংরেজিতে এসে রাইটিং ও প্রেসি রাইটিং।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ecgc.in দরখাস্তের শেষ তারিখ ২০ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (প্রতিটি ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), কালো কালিতে করা সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) এবং ইংরেজিতে নির্দিষ্ট বয়ানে কালো কালিতে লেখা একটি ডিক্লারেশন (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে। ডিক্লারেশনের বয়ান পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস, ক্যাশকার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## শ্রী গুরু গোবিন্দ সিংহ কলেজ অব কমার্সে

# অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ২৯ জনকে নেবে দিল্লির শ্রী গুরু গোবিন্দ সিংহ কলেজ অব কমার্স। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর SGGSCC/01/2022.

বিষয় অনুসারে শূন্যপদ: কমার্স ১৫টি, ইকনমিক্স ৬টি, কম্পিউটার সায়েন্স ৫টি, ম্যানেজমেন্ট স্টাডিজ ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়ে ইউ জি সি বা সি এস আই আর কর্তৃক আয়োজিত নেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ম্যানেজমেন্ট স্টাডিজ বিষয়ের ক্ষেত্রে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজনেস ম্যানেজমেন্ট বা অ্যাডমিনিস্ট্রেশন বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে সি এ বা সি ডব্লু এ বা কোম্পানি সেক্রেটারি কোর্স পাশ।

বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের অ্যাকাডেমিক পে লেভেল ১০ অনুসারে।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্তের শেষ তারিখ ৭ এপ্রিল। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.du.ac.in ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.sggscc.ac.in

**RABINDRA BHARATI UNIVERSITY**
Employment Oriented Guidance Programme
56A, B.T. ROAD, KOLKATA-700 050

Ref. No.: RB/REG/045/2022 Dated: 21/03/2022

**ADMISSION NOTICE**

Applications are invited for admission to the following courses: (1) **WBCS and COMBINED** (2) **NET/SET Paper-1** only. Application Forms & details are available at **www.rbu.ac.in**. For further enquiry, contact EOGP office or call 9432102675 on Monday to Sunday (except Wednesday) (between 12.30 pm - 5.30 pm).

**Head, EOGP**

Coca-Cola চাকরী চাকরী চাকরী DBPL

| | |
|---|---|
| পদ | ড্রাইভার কাম সেলসম্যান |
| দক্ষতা | হেভি ভেহিকাল লাইসেন্স |
| শিক্ষাগত যোগ্যতা | দশম শ্রেণী উত্তীর্ণ বাঞ্ছনীয় |
| অভিজ্ঞতা | ন্যূনতম পাঁচ বছর। ৪০৭, ৭০৯ এবং ৯০৯ গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| বেতন | টাকা ২০,০০০/- + (আনুমানিক) |

যোগাযোগ : 9883759028/9674334141/7439410638
ই-মেল : semanti@diamondbev.in/aparajita@diamondbev.in

# চেন্নাই পেট্রোলিয়ামে অ্যাসিস্ট্যান্ট ও ট্রেনি

জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট-ফোর ও জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট-ফোর ট্রেনি এবং জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-ফোর ও জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-ফোর ট্রেনি পদে ৬৭ জনকে নেবে চেন্নাই পেট্রোলিয়াম কর্পোরেশন। এটি ইন্ডিয়ান অয়েলের সহযোগী প্রতিষ্ঠান। জুনিয়র টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-ফোর ও ট্রেনি নিয়োগ করা হবে ফায়ার অ্যান্ড সেফটি বিভাগে।

শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: পজিশন কোড CPCL01: **প্রোডাকশন**: ১৭টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৪, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পজিশন কোড CPCL02: প্রোডাকশন-ট্রেনি: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: কেমিক্যাল বা পেট্রোলিয়াম বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে ডিপ্লোমা। অথবা বি এসসি, বি এসসিতে অন্যতম প্রধান বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে।

পজিশন কোড CPCL03: **মেকানিক্যাল**: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। পজিশন কোড CPCL04: মেকানিক্যাল-ট্রেনি: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পজিশন কোড CPCL05: **ইলেক্ট্রিক্যাল**: ৪টি (সাধারণ)। পজিশন কোড CPCL06: ইলেক্ট্রিক্যাল-ট্রেনি: ৪টি (সাধারণ ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পজিশন কোড CPCL07: **ইনস্ট্রুমেন্টেশন**: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

পজিশন কোড CPCL11: **ফায়ার অ্যান্ড সেফটি**: ৮টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে নাগপুরের ন্যাশনাল ফায়ার সার্ভিস কলেজ বা সমতুল প্রতিষ্ঠান থেকে সাব-অফিসার্স কোর্স পাশ করে থাকতে হবে। বৈধ হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। পজিশন কোড CPCL12: **ফায়ার অ্যান্ড সেফটি-ট্রেনি**: ৬টি (সাধারণ ৩, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: আই টি আই, সঙ্গে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৬৫ সেমি (পার্বত্য এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি), ওজন অন্তত ৫০ কেজি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬.৫ সেমি। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, বর্ণান্ধতা, তির্যক চাহনি, শিরাস্ফীতি বা কোনও শারীরিক অসুস্থতা থাকলে আবেদন করবেন না।

ট্রেনি পদ ছাড়া বাকি সব পদের ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ফায়ার অ্যান্ড সেফটি শাখা ছাড়া বাকি সব শাখার ক্ষেত্রে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ (তফসিলি জাতি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী প্রার্থী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**বয়স**: ১-২-২০২২ তারিখে ট্রেনি পদের ক্ষেত্রে ২৬ বছর ও অন্যান্য পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি জাতি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ২৫,০০০-১,০৫,০০০ টাকা। ট্রেনি পদের ক্ষেত্রে স্টাইপেন্ড: প্রতি মাসে ২৪,০০০ টাকা। সফল ভাবে ট্রেনিং শেষে বেতনক্রম: ২৫,০০০-১,০৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৮ মে। ফায়ার অ্যান্ড সেফটি শাখার ক্ষেত্রে অতিরিক্ত থাকবে দৈহিক মাপজোক যাচাই ও দৈহিক সক্ষমতার পরীক্ষা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৬ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ৩০ কেজি ওজন নিয়ে ৩০ সেকেন্ডে ১০০ মিটার দৌড়, দড়ি বেয়ে ৪ মিটার ওপরে ওঠা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cpcl.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ১৪ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র (১ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৩ এপ্রিল। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**Urgent Walk-in Interview for immediate joining:**

- AWNIM/GNIM/BSc(Nursing)/MBBS/MD/DM/DNB
- Counter Sales Exe
- B2B Sales Exe & Managers
- F&B Service & Production
- Sales/Key Account Manager
- Customer Care Exe
- Sewing Machine Operator

Openings for both Fresher & Experienced, Lucrative Salary + PF + ESIC etc at
**ZERO registration Cost**

Interview from 31st March to 2nd April, please share your resume at jobseekers@orionedutech.com or call us at
**9073282318/9903864751**

**Institute of Management Technology**
Ghaziabad, Delhi NCR
IMT AACSB ACCREDITED

## FACULTY POSITIONS

**Business Analytics, Business Communication, Business Law / Economic Environment and Policy, Banking and Finance, Human Resource, Information Technology, Marketing, Operations / Supply Chain, Strategy, Innovation and Entrepreneurship**

In addition, there are also positions for Research Associates (with good research record) and Manager - Incubation & Innovation Centre

## ELIGIBILITY CRITERIA

Minimum Qualification (for all faculty positions): PhD or equivalent degree with excellent academic and research record throughout from a premier University / Institute in India or abroad with at least two years experience

IMT Ghaziabad offers compensation benchmarked with the best in the industry with excellent teaching and research environment.

**Apply Online : www.imt.edu/recruitment/**

**Application Deadline for First Round of Recruitments This Year: April 15, 2022.**

The faculty recruitment process is conducted on a rolling basis.

Institute of Management Technology (IMT)
Raj Nagar, Post Box No. 137, Ghaziabad 201001, Delhi NCR.
www.imt.edu

**NTPC Limited** is India's largest integrated energy company with installed capacity of 68,567 MW and has presence in the entire value chain of the power generation business. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032.

**Demonstrate your power to make NTPC 'Power Richer'**

**NTPC is looking for Executives in CCPP - O&M and Power Trading**

NTPC is looking for experienced professionals in the area of **Combined Cycle Power Plant (CCPP) - O&M** and **Power Trading on fixed term basis** as per details given below:

| Name of the Posts | No. of Posts | Minimum years of experience required |
|---|---|---|
| Executive (Combined Cycle Power Plant-O&M) | 50 | 02 years in relevant area |
| Executive (Operations-Power Trading) | 04 | 03 years in relevant area |
| Executive (Business Development-Power Trading) | 01 | 03 years in relevant area |

Note: Detailed qualification and experience requirement may be referred from detailed advertisement available on our website.

How to Apply: Interested eligible candidates should log on to our website **careers.ntpc.co.in** or visit **careers** section at **www.ntpc.co.in** for viewing detailed eligibility criteria, qualification requirement, experience requirement, upper age limit, tenure of engagement, monthly remunerations, other terms & conditions, full text of the advertisement and for applying. Only online mode of application will be accepted.

**The online application portal will remain open for the period from 25.03.2022 to 08.04.2022.**

Any further addendum/corrigendum/updates will only be published on our website.

**NTPC Limited**
(A Govt. of India Enterprise)
Leading the Power Sector

NTPC Bhawan, Core-7, SCOPE Complex, 7, Institutional Area, Lodhi Road, New Delhi-110003 Visit us at : **www.ntpc.co.in**

Advt. No.: 08/22

## ওয়াক-ইন-ইন্টারভিউ

তারিখ : ২ এপ্রিল ২০২২
সময় : ১১টা-বিকেল ৪টা
স্থান : অ্যাডামাস নলেজ সিটি, বারাসাত-ব্যারাকপুর রোড, পোঃ জগন্নাথপুর, কলকাতা : ৭০০১২৬

RICE EDUCATION | ADAMAS UNIVERSITY | Adamas International School

**RICE-Adamas** গ্রুপ নিম্নলিখিত পদগুলির জন্য নিয়োগ করতে চলেছে।

| পদ | আবশ্যক চাহিদা |
|---|---|
| বাস এবং গাড়ির ড্রাইভার | ভারী মোটর যান (HMV) এবং ছোট গাড়ির (LMV) জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| স্কুল/ইউনিভার্সিটির বাস এটেনডেন্ট | পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার |
| ফুড কোর্টের জন্য সার্ভিস বয় | পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার |
| ফুড কোর্টের জন্য রাঁধুনি | ৫০০ জনের মতো লোকের রান্না করার দক্ষতা এবং পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। |
| পুরুষ ও মহিলা হাউস কিপিং স্টাফ | পূর্ব অভিজ্ঞতা থাকা দরকার |
| সিকিউরিটি গার্ড | পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে |

**ইন্টারভিউর স্থান :** অ্যাডামাস নলেজ সিটি - বারাসাত
**নিয়োগ স্থান :** অ্যাডামাস নলেজ সিটি - বারাসাত, অ্যাডামাস ইন্টারন্যাশনাল স্কুল- বেলঘড়িয়া
**নিয়োগের ধরন -** ফুল টাইম

# কারেন্ট অ্যাফেয়ার্স

৫ মার্চ-১১ মার্চ

**৫ মার্চ** রাশিয়া-ইউক্রেন যুদ্ধের আবহের মধ্যেই প্রতিরক্ষা গবেষণায় বড় সাফল্য পেল ভারত। এদিন ব্রহ্মস ক্রুজ মিসাইলের দূরপাল্লার উন্নত সংস্করণের সফল উৎক্ষেপণ করল ভারতীয় নৌসেনা। প্রতিরক্ষামন্ত্রক থেকে জানানো হয়েছে, নতুন ক্ষেপণাস্ত্রটিতে আরও উন্নত প্রযুক্তি ব্যবহার করা হয়েছে। সেই প্রযুক্তি কার্যকর হয়েছে বলে প্রমাণিত হয়েছে পরীক্ষায়।

## যুদ্ধ জারি রাখার হুমকি দিলেন পুতিন



৬ মার্চ: ইউক্রেন রাশিয়ার সব দাবি না মানলে সেনা আগ্রাসন যে জারি থাকবে সে কথা স্পষ্ট করে দিলেন ভ্লাদিমির পুতিন। সেই সঙ্গে পশ্চিমি দেশগুলিকেও হুঁশিয়ারি দিয়ে পুতিন বলেন, ইউক্রেনের পাশে যে দেশ বা গোষ্ঠী দাঁড়াবে তাকে চরম মূল্য দিতে হবে। অন্যদিকে, মার্কিন বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেন জানিয়েছেন ন্যাটোর সদস্য দেশগুলিকে ইউক্রেনে যুদ্ধবিমান পাঠানোয় অনুমতি দেওয়া হয়েছে। সেটাই পুতিনের হুমকি দেওয়ার বড় কারণ বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

**এসটিএফ-এর কালো তালিকাভুক্তি** আটকানোর প্রাণপণ চেষ্টা চালিয়ে যাচ্ছে পাকিস্তান। কিন্তু পেশোয়ারে শিয়া মসজিদে জঙ্গি হানার পরদিনই 'ফিনানশিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স' (এসটিএফ) জানাল ধূসর তালিকাতেই থাকছে পাকিস্তান। সেই সঙ্গে এসটিএফের নির্দেশ, রাষ্ট্রপুঞ্জ ঘোষিত মোস্ট ওয়ান্টেড জঙ্গিদের বিরুদ্ধে আরও তদন্ত করে আরও কড়া ব্যবস্থা নিতে হবে পাকিস্তানকে। বেশ কয়েকবছর ধরেই ধূসর তালিকায় রয়েছে তারা। এরপর কালো তালিকাভুক্ত হয়ে গেলে আর কোনও বিদেশি অনুদান পাবে না পাকিস্তান। এই পরিস্থিতিতে সন্ত্রাস মোকাবিলায় পাকিস্তান যখন নিজেদের ভাবমূর্তি উদ্ধার করার চেষ্টা করছে তখন পেশোয়ারের মসজিদে হামলা তাদের অস্বস্তি আরও বাড়াল।

**৬ মার্চ** অমৃতসরের খাসা ব্যারাকে এক বিএসএফ জওয়ানের গুলিতে প্রাণ গেল তাঁরই চার সহকর্মীর। পুলিশ সূত্রে জানা গিয়েছে ওই জওয়ানও পরে আত্মঘাতী হয়েছেন। আরও এক সহকর্মীর অবস্থা আশঙ্কাজনক। কেন এরকম ঘটনা ঘটল তা খুঁজে বের করার জন্য 'কোর্ট অব এনকোয়ারি'র নির্দেশ দিয়েছে বিএসএফ। মনোবিদরা মনে করছেন, দীর্ঘদিন ছুটি না পাওয়া, অত্যন্ত কঠোর জীবনযাপন, পরিবার থেকে দূরে থাকা-সহ নানা কারণে মানসিক ভাবে বিধ্বস্ত হয়ে এ কাজ করে থাকতে পারেন ওই জওয়ান।

**৭ মার্চ** টাকার দরে পতনের সর্বকালীন রেকর্ড হলো দেশে। বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম ও ভারতের বাজার থেকে বিদেশি লগ্নিকারীদের লগ্নি তুলে নেওয়ার চাপে এদিন ডলারের বিনিময়ে টাকার মূল্য নেমে যায় ৭৭.০২ টাকায়। পরে তা ৭৬.৯২ টাকায় বন্ধ হয়।

**রাজ্য বিধানসভায় বিরোধীদের** বিক্ষোভের জেরে রাজ্যপাল জগদীপ ধনখড়-এর ভাষণপাঠ ব্যাহত হলো। বিরোধী দলনেতা ও পরিষদীয় মন্ত্রীকে ডেকে কথা বলে রাজ্যপাল নিজে পরিস্থিতি শান্ত করার চেষ্টা করেন। শেষে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হস্তক্ষেপে রাজ্যপাল তাঁর ২৫ পাতার দীর্ঘ লিখিত ভাষণের প্রথম ও শেষ শব্দটি পড়ে আনুষ্ঠানিক ভাবে সভার সূচনা করেন।

**৮ মার্চ** রাজ্য মন্ত্রিসভায় রদবদল ঘটিয়ে স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী হিসেবে অর্থদপ্তরের পূর্ণদায়িত্ব চন্দ্রিমা ভট্টাচার্যের হাতে তুলে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অন্যদিকে, পরিবহণমন্ত্রী ফিরহাদ হাকিমকে ফিরিয়ে দেওয়া হলো পুর ও নগরোন্নয়ন দপ্তরের অতিরিক্ত দায়িত্ব।



"রামপুরহাটে যে ঘটনা ঘটেছে, তা অত্যন্ত দুর্ভাগ্যজনক। এই ঘটনার নিন্দা করছি। যারা এটা করেছে, তারা কেউ ছাড়া পাবে না। অপরাধীদের রং দেখা হবে না।"

মমতা বন্দ্যোপাধ্যায়, *পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী*

রামপুরহাটের নারকীয় হত্যাকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে রাজনৈতিক রং না দেখে কড়া ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দিয়ে

**'কান্দাহার' বিমান ছিনতাইয়ের ঘটনায়** জঙ্গিদের হাতে নিহত রুপিন কাটিয়ালের খুনি খতম হল আরেক জঙ্গির হাতে। ১৯৯৯-এর ২৫ ডিসেম্বর কাঠমান্ডু থেকে দিল্লিগামী বিমান হাইজ্যাক করে জঙ্গিরা। কান্দাহারে নিয়ে যাওয়া হয় বিমানটি। পথে দুবাইয়ে ফেলে দেওয়া হয় রুপিনের দেহ। খবরে প্রকাশ রুপিনকে খুন করেছিল যে জঙ্গি সেই মিস্ত্রি জাহুর ইব্রাহিম ওরফে জামালিকে ১ মার্চ পাকিস্তানের করাচিতে বুলেটে ঝাঁঝরা করে দিয়েছে অজ্ঞাত পরিচয় আততায়ী।

**ইউক্রেনে হামলা নিয়ে ভারত** রাশিয়ার সমালোচনা না করায় আমেরিকা ক্ষোভ প্রকাশ করলেও দিল্লির উপর নিষেধাজ্ঞা চাপানো দুঃসাহসিক হবে বলে মন্তব্য করলেন মার্কিন রিপাবলিকান সেনেটর টড ক্রুজ। তিনি বলেন, বাণিজ্যিক থেকে কূটনৈতিক, একাধিক ক্ষেত্রে ভারত আমেরিকার ভালো বন্ধু। কিন্তু বাইডেন জমানায় এই সম্পর্ক খারাপের দিকে গিয়েছে। ক্রুজের দাবি, আমেরিকার ঘনিষ্ঠ সংযুক্ত আরব আমিরশাহিও রাষ্ট্রপুঞ্জে ভোটদানে বিরত থেকেছে। শুধু এই ভোটের ভিত্তিতে ভারতের মতো দেশের সঙ্গে সম্পর্কের মূল্যায়ন ঠিক নয়।

**একটানা রুশ হানাদারির পরে অবশেষে** সুর নরমে বাধ্য হলেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। এক মার্কিন সংবাদ মাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, 'বুঝতেই পারছি যে, ন্যাটো কোনওরকম বিতর্কে জড়াতে বা রাশিয়াকে অসন্তুষ্ট করতে চাইছে না। ঠিক আছে, আমিও আর হাঁটু মুড়ে ভিক্ষে চাইব না।' রাশিয়া শুরু থেকেই চাইছিল ইউক্রেন যাতে কোনওভাবেই ন্যাটোর অংশ না হয়। শুরু থেকেই বিষয়টি নিয়ে সওয়াল করে আসছিলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ক্রেমলিন শর্ত দিয়েছিল— ক্রিমিয়া ও দনবাসকে রুশ ভূখণ্ড হিসেবে স্বীকৃতি দিতে হবে। অস্ত্র সমর্পণ করতে রাজি না হলেও এই শর্ত নিয়ে আলোচনার সুযোগ রয়েছে বলে ইউক্রেনীয় প্রেসিডেন্ট বার্তা দিয়েছেন।

**৯ মার্চ** ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর অন্যতম হত্যাকারী এ জি পেরারিভালানকে জামিন মঞ্জুর করল সুপ্রিম কোর্ট। আদালতের বক্তব্য, পেরারিভালানের ৩০ বছরের বেশি জেল খাটা হয়ে গিয়েছে। সে তামিলনাড়ুর রাজ্যপালের কাছে ক্ষমাভিক্ষা চেয়েছে ২০১৬ সালে। তার এখনও জবাব মেলেনি। ফলে তাকে জামিন দিতে কোনও বাধা নেই।

**ইউক্রেনের চেরনোবিল পরমাণু কেন্দ্র** থেকে নিরাপত্তা সংক্রান্ত কোনও তথ্য পাওয়া যাচ্ছে না বলে উদ্বেগ প্রকাশ করল রাষ্ট্রপুঞ্জ। এদিন জানা গেল চেরনোবিল পরমাণু কেন্দ্র পুরোপুরি বিদ্যুৎহীন অবস্থায় রয়েছে। এই অবস্থায় 'কুলিং'-এর অভাবে আশপাশের এলাকায় তেজস্ক্রিয় বিকিরণ ছড়ানোর আশঙ্কা রয়েছে। সংলগ্ন এলাকাগুলি রুশ সেনার দখলে রয়েছে বলে বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে ইউক্রেন।

## প্যালেস্তাইনে নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত প্রয়াত



৬ মার্চ: প্যালেস্তাইনে ভারতের রাষ্ট্রদূত মুকুল আর্য প্রয়াত হলেন। ২০০৮ ব্যাচের এই তরুণ আইএফএস অফিসারের মৃত্যু কীভাবে হয়েছে তার কারণ স্পষ্ট নয়। প্যালেস্তাইনের প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী মুকুলের সরকারি বাসভবনে পুলিশের শীর্ষকর্তা সহ তদন্তকারী দলকে পাঠিয়েছেন। মুকুলকে অত্যন্ত প্রতিভাবান ও সম্ভাবনাময় অফিসার বলে উল্লেখ করেছেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। তাঁর এই অস্বাভাবিক মৃত্যুতে বাইরের কারও হাত আছে কি না খতিয়ে দেখা হচ্ছে।

**স্নাতক পর্যায়ে ডাক্তারির অভিন্ন** সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা (নিট)-এ বসার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা উঠে গেল। এতদিন সাধারণ অসংরক্ষিত ক্যাটেগরির জন্য ২৫ বছর ও সংরক্ষিত ক্যাটেগরির জন্য ৩০ বছরের উর্ধ্বসীমা ছিল। এখন সেই বয়সসীমা তুলে নেওয়ার সিদ্ধান্ত নিল চিকিৎসা-শিক্ষা বিষয়ক দেশের সর্বোচ্চ নিয়ামক সংস্থা ন্যাশনাল মেডিক্যাল কমিশন (এনএমসি)। স্বাস্থ্য মন্ত্রক সূত্রে খবর, বয়সসীমা উঠে গেলে নিট পরীক্ষার্থীর সংখ্যা বাড়বে আরও কয়েক লক্ষ। বর্তমানে ১৬-১৭ লক্ষ পড়ুয়া নিট দেয়।

**ক্রিকেটের নীতি নির্ধারক সংস্থা** মেরিলিবোর্ন ক্রিকেট ক্লাব বা এমসিসি খেলায় বেশ কিছু নিয়মে বদল আনল। ভিনু মানকড়ের নামানুসারে মানকাড়িং আউট এবার থেকে রান অউট বলে গণ্য হবে। বোলার ডেলিভারি করার আগে যদি নন স্ট্রাইকার ক্রিজ ছেড়ে বেরিয়ে যান এবং বোলার তাঁকে আউট করেন তাকেই এতদিন মানকাড়িং বলা হতো। ১৯৪৮ সালে প্রথমবার অস্ট্রেলিয়ার উইকেটকিপার বিল ব্রাউনকে এভাবে আউট করেন মানকড়। এভাবে আউটকে কিছু ব্যঙ্গাত্মক এবং সমালোচনার দৃষ্টিতেও দেখেছেন অনেক বিশেষজ্ঞ। এখন থেকে মানকাড়িং কথাটি আর থাকছে না এই আউটে। এছাড়া বল পালিশ করতে থুতু বা লালার ব্যবহারও নিষিদ্ধ হচ্ছে।

**১১ মার্চ** ভারতীয় ক্ষেপণাস্ত্র যান্ত্রিক ত্রুটির ফলে পাকিস্তানে গিয়ে পড়ল। পাকিস্তানের এই দাবি স্বীকার করে নিয়ে ভারত জানায় পাকিস্তানি ভূখণ্ডের ১২৪ কিলোমিটার ভিতরে ঢুকে যায় ক্ষেপণাস্ত্রটি। পাকিস্তানের আরও দাবি ভারত ও পাকিস্তানের আকাশসীমার ৪০ হাজার ফুট উচ্চতায় আসা ওই ক্ষেপণাস্ত্রটি ছোড়া হয় হরিয়ানার সিরসা থেকে। যেখানে সেটি আছড়ে পড়ে সেখানে কোনও জনবসতি না থাকায় জীবনহানি এড়ানো গিয়েছে। ভারতের প্রতিরক্ষামন্ত্রক পরে বিবৃতি জারি করে জানায় যান্ত্রিক ত্রুটির ফলে ঘটে যাওয়া এই ঘটনা অত্যন্তই দুঃখজনক।

## ১২ দিনে ১৭ লক্ষ শরণার্থী ইউক্রেনে: রাষ্ট্রপুঞ্জ



৭ মার্চ: মাত্র ১২ দিনে ইউক্রেন ছেড়ে পার্শ্ববর্তী দেশগুলিতে অন্তত ১৭ লক্ষ শরণার্থী পাড়ি দিয়েছেন বলে জানাল রাষ্ট্রপুঞ্জের পরিসংখ্যান। সংস্থার শরণার্থী বিষয়ক হাইকমিশনার ফিলিপ্পো গ্রান্ডির মতে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপ এমন শরণার্থীর ঢেউ দেখেনি। ইউক্রেন পিছু না হটলে রাশিয়া যেহেতু সামরিক হামলা বন্ধ করবে না বলে হুঁশিয়ারি দিয়ে রেখেছে তাই শরণার্থীর সংখ্যা আরও বাড়ার আশঙ্কা রয়েছে। রাষ্ট্রপুঞ্জের তথ্য অনুযায়ী ১০ লক্ষেরও বেশি শরণার্থী আশ্রয় নিয়েছেন পোল্যান্ডে। ১,৮০,০০০ শরণার্থী গিয়েছেন হাঙ্গেরিতে আর ১,২৮,০০০ স্লোভাকিয়ায়।

**১০ মার্চ** তুরস্কের আন্তালিয়ায় রাশিয়া ও ইউক্রেনের বিদেশমন্ত্রী পর্যায়ের বৈঠকেও কোনও সমাধানসূত্র মিলল না। তবে রাশিয়া এদিন স্বীকার করেছে যে, তারা থার্মোবারিক রকেট (ভ্যাকিউম বোমার প্রযুক্তি) ব্যবহার করেছে। তাদের উপর নিষেধাজ্ঞা বাড়তে থাকলেও, খাদ্যশস্যে শীঘ্রই ভয়ঙ্কর মূল্যবৃদ্ধির হুঁশিয়ারি দিয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। কারণ সার উৎপাদনে রাশিয়াই রয়েছে শীর্ষে। আমেরিকা হুঁশিয়ারি দিয়েছে ইউক্রেন দখলে মরিয়া রাশিয়া 'রাসায়নিক অস্ত্র' প্রয়োগ করতে পারে। যদিও আগে থেকেই মস্কো আমেরিকার বিরুদ্ধে এই অভিযোগ করেই রেখেছে। তাদের দাবি, ইউক্রেনের সঙ্গে হাত মিলিয়ে রাসায়নিক ও জৈব অস্ত্রের প্রয়োগের পরিকল্পনা করছে আমেরিকা।

**বাংলার পট চিত্রশিল্পীদের অন্যতম** প্রাণপুরুষ দুখুশ্যাম চিত্রকর (৭৪) প্রয়াত হলেন। বাংলার পটচিত্রের এখন যে বিশ্বজনীন পরিচিতি তার অনেকটা কৃতিত্বই দুখুশ্যাম চিত্রকরের। বাংলাদেশের উপর তাঁর আঁকা পট আজও লন্ডনের 'ভিক্টোরিয়া' এবং 'অ্যালবার্ট' মিউজিয়ামে রয়েছে। তাঁর পটচিত্রে উঠে এসেছে বাংলাদেশের মুক্তিযুদ্ধ, নকশাল আন্দোলন, ভারত তথা বাংলার রাজনীতির নানা সমসাময়িক বিষয়।

**যুদ্ধবিধ্বস্ত সুমিতে আটকে পড়া ভারতীয়** পড়ুয়ারা দেশে ফিরলেন। সুমি শহর থেকে ভারতীয়দের উদ্ধার করা রীতিমতো চ্যালেঞ্জিং ছিল বলে টুইটবার্তায় উল্লেখ করেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। অপারেশন গঙ্গার আওতায় ইউক্রেন থেকে কয়েক দফায় ভারতীয়দের উদ্ধার করা হয়। খবরে প্রকাশ শুধু সুমি থেকেই প্রায় ৭০০ পড়ুয়া এদিন দেশে ফিরেছেন।

**পূর্ব লাদাখে সীমান্ত বিবাদ নিয়ে ফের** বৈঠকে বসল ভারত ও চিন। এদিন চুশুল-মলডো বর্ডার পয়েন্টে দুই দেশের সেনাবাহিনীর প্রতিনিধিরা আলোচনা শুরু করেন। এর আগে সীমান্ত সংঘাত মেটাতে সেনা কম্যান্ডার স্তরে মোট চোদ্দ দফা আলোচনা হয়েছে দুই পক্ষের মধ্যে। সূত্রের খবর গোগরা হটস্প্রিং ও দেপসাং সমতল থেকে সেনা সরানো নিয়ে আলোচনা হচ্ছে নয়াদিল্লি ও বেজিংয়ের মধ্যে।

## পাঁচ রাজ্যের চার বিজেপির



১০ মার্চ: পাঁচ রাজ্যের বিধানসভা নির্বাচনে চারটিতেই জয় পেল বিজেপি। উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড, গোয়া এবং মণিপুরে বিপুল জয় পেল তারা, যার উচ্ছ্বাসে নরেন্দ্র মোদী জানালেন— 'চৌকা লাগায়া'। গেরুয়া এই ঝড়ে ব্যতিক্রম রইল শুধু পাঞ্জাব। সেখানে জিতল আম আদমি পার্টি (আপ)। দিল্লির পর পাঞ্জাবেও বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় এল তারা। এই প্রথম দেশের কোনও আঞ্চলিক দল দু'টি রাজ্যে ক্ষমতা দখল করতে পারল। পাঞ্জাবে তারা ম্যাজিক ফিগার ৫৯-কে অতিক্রম করে ৯২ আসন পেয়েছে। উত্তরপ্রদেশে ম্যাজিক ফিগার ২০২। বিজেপির আসন সংখ্যা কমলেও তারা পেয়েছে ২৫৬ আসন। গোয়ায় বিজেপি ২০টি আসন পেয়েছে। তৃণমূল গোয়ার ভোটে ঝাঁপালেও সেখানে তারা খাতা খুলতে ব্যর্থ। বিজেপি উত্তরাখণ্ডে ৪৮ এবং মণিপুরে ৩২ আসন জয় করে দু'টি রাজ্যেই বড় মার্জিন বজায় রেখেছে।

## মোহালিতে শ্রীলঙ্কাকে ইনিংসে হারাল ভারত




৬ মার্চ: চন্ডিগড় মোহালিতে তিনদিনেই শেষ হল ভারত-শ্রীলঙ্কা টেস্ট। এক ইনিংসে ও ২২২ রানে জিতল টিম ইন্ডিয়া। ব্যাটে-বলে সেরা পারফরম্যান্স দেখালেন রবীন্দ্র জাডেজা। প্রথম ইনিংসে ১৭৫ নট আউট-এর পর বল করতে নেমে দুই ইনিংসে মিলিয়ে নিলেন ৯ উইকেট। রবিচন্দ্রন অশ্বিনও ৬ উইকেট নিয়েছেন। এর ফলে টেস্টে কপিল দেবের ৪৩৪ উইকেটও টপকে গেলেন অশ্বিন (৪৩৬)। প্রথম ইনিংসে ৫৭৪ রান তুলে ইনিংস ছেড়ে দিয়েছিল ভারত। জবাবে শ্রীলঙ্কার প্রথম ইনিংস ১৭৪ রানে শেষ হয়ে যায়। ফলো অন হওয়ার পর দ্বিতীয় ইনিংসেও তারা অল-আউট ১৭৮ রানে।

karmasangsthan.live

## স্কলারশিপের খোঁজখবর

### ইসরো ইয়ং সায়েন্টিস্ট প্রোগ্রাম ২০২২

ছাত্রছাত্রীদের মধ্যে বিজ্ঞান মনস্কতা বাড়াতে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রের ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজের (ইসরো)। ১-৩-২০২২ তারিখ অনুসারে নবম শ্রেণীতে পাঠরতরা আবেদন করতে পারেন। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/YSY7 আবেদনের শেষ তারিখ ১০ এপ্রিল।

### অক্সফোর্ড অ্যান্ড কেমব্রিজ সোসাইটি অব ইন্ডিয়া স্কলারশিপ, ইউ কে ২০২২

আমেরিকা ও ব্রিটেনের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে স্নাতক কোর্স বা গবেষণায় আগ্রহী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে অক্সফোর্ড অ্যান্ড কেমব্রিজ সোসাইটি অব ইন্ডিয়া। প্রার্থীকে অবশ্যই অক্সফোর্ড বা কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে থাকতে হবে। বয়স ১-৯-২০২২ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ২ লাখ টাকা। আবেদন করতে হবে ই-মেলের মাধ্যমে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/OCS7 আবেদনের শেষ তারিখ ১৫ মে।

### ইউনেস্কো সিল্ক রোডস ইয়ুথ রিসার্চ গ্রান্ট ২০২২

স্নাতকোত্তর ডিগ্রিধারী ও সিল্ক রোড-বিষয়ে গবেষণারত তরুণ-তরুণীদের স্কলারশিপ দিচ্ছে ইউনাইটেড নেশনস এডুকেশনাল সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (ইউনেস্কো)। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। **স্কলারশিপের পরিমাণ:** ১০,০০০ আমেরিকান ডলার। আবেদন করতে হবে ই-মেলের মাধ্যমে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/SYR1 আবেদনের শেষ তারিখ ৩১ মে।

*(তথ্য সহায়তা: buddy4study)*

### ব্রিটেনে স্নাতকোত্তর পড়াশোনার স্কলারশিপ ২০২২-২৩

ব্রিটেনের ১৬টি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর স্তরের পড়াশোনার জন্য ২০ জন ভারতীয় ছাত্রছাত্রীকে যৌথভাবে স্কলারশিপ দিচ্ছে ব্রিটেন সরকার ও দ্য ব্রিটিশ কাউন্সিল। এ ছাড়াও আইন ও ন্যায়-সংক্রান্ত বিষয়ে পড়াশোনা করতে আগ্রহী আরও ৭ জন ছাত্রছাত্রীকে এই স্কলারশিপ দেওয়া হবে। স্নাতক প্রার্থীরা আবেদন করতে পারেন। **স্কলারশিপের পরিমাণ:** ১০,০০০ পাউন্ড। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে আবেদনের শেষ তারিখ ভিন্ন। আগ্রহী প্রার্থীরা বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.britishcouncil.in

## ইরকনে ম্যানেজার

বিভিন্ন বিভাগে ২২ জন ম্যানেজার নেবে ইরকন ইন্টারন্যাশনাল। প্রার্থীদের চুক্তিতে নিয়োগ করা হবে ছত্তিশগড়, মহারাষ্ট্র, পাঞ্জাব, উত্তরাখণ্ড, জম্মু-কাশ্মীর ও অসমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: C-05/2022.

**শূন্যপদের বিবরণ: ম্যানেজার/ব্রিজ:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **ম্যানেজার/আর্থ ওয়ার্ক:** শূন্যপদ ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **ম্যানেজার/সিভিল:** শূন্যপদ ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ম্যানেজার/এস অ্যান্ড টি:** শূন্যপদ ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** সবক'টি পদের ক্ষেত্রেই ১-৩-২০২২ তারিখে ৫০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** সবক'টি পদের ক্ষেত্রেই নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা।

সংস্থার তরফে আবেদনের শেষ তারিখ জানানো হয়নি। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.ircon.org

## ন্যাশনাল এরোস্পেস ল্যাবরেটরিতে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৭৭ জন আই টি আই পাশ প্রার্থীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে বেঙ্গালুরুর ন্যাশনাল এরোস্পেস ল্যাবরেটরিজ। এটি কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং প্রোগ্রাম এবং ডঃ বি আর আম্বেদকর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেড ট্রেনিং প্রোগ্রামের অধীনে ১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর 2(76)4/2022-AL

আসনসংখ্যার বিবরণ: পোস্ট কোড NATP/01: ৫২টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। পোস্ট কোড Dr.AATP/02: ২৫টি (তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৯)।

ট্রেড অনুসারে আসনসংখ্যা: ফিটার ১২টি, টার্নার ১৫টি, ইলেক্ট্রিশিয়ান ১৮টি, মেশিনিস্ট ২৬টি, মেকানিক (মোটর ভেহিক্যাল) ৩টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ। বয়স: ৪-৪-২০২২ তারিখে ১৬ বছরের উর্ধ্বে হতে হবে। দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৩৭ সেমি, ওজন অন্তত ২৫.৪ কেজি হতে হবে। বুকের ছাতি ৩.৮ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০৫০ টাকা।

২০১৭-র আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে, এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা বর্তমানে নিলে, আবেদন করবেন না।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://apprenticeshipindia.gov.in এরপর এই পোর্টালেই সংশ্লিষ্ট সংস্থার অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে। আবেদনের শেষ তারিখ ৪ এপ্রিল। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.nal.res.in

## দেশবন্ধু কলেজে ১২৯

*প্রথম পাতার পর*

আর্থিক ভাবে অনগ্রসর ১)। ফিলোজফি: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। ফিজিক্স: ১৮টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১)। পলিটিক্যাল সায়েন্স: ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১)। সংস্কৃত: ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। জুলজি: ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে নেট (ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট) পাশ করে থাকতে হবে। অথবা বিশ্ব ক্রমতালিকায় প্রথম ৫০০টির মধ্যে স্থানপ্রাপ্ত বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে পি এইচ ডি ডিগ্রি। **শুরুতে বেতন:** আনুমানিক ৫৭,৭০০ টাকা।

প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে শিক্ষাগত ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.du.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৭ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.deshbandhucollege.ac.in

## রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ২৯৪ গ্রেড 'বি' অফিসার

*প্রথম পাতার পর*

(সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: ইকনমিক্স, কোয়ান্টিটেটিভ ইকনমিক্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স, ফিনান্সিয়াল ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স, এগ্রিকালচারাল ইকনমিক্স এবং ইন্ডাস্ট্রিয়াল ইকনমিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মাস্টার ডিগ্রি। অথবা কোয়ান্টিটেটিভ ফিনান্স, ম্যাথমেটিক্যাল ফিনান্স, কোয়ান্টিটেটিভ টেকনিকস, ইন্টারন্যাশনাল ফিনান্স, বিজনেস ফিনান্স, ব্যাঙ্কিং অ্যান্ড ট্রেড ফিনান্স, ইন্টারন্যাশনাল অ্যান্ড ট্রেড ফিনান্স, প্রোজেক্ট অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ফিনান্স এবং এগ্রি বিজনেস ফিনান্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মাস্টার ডিগ্রি। অথবা ফিনান্স বা ইকনমিক্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। ইকনমিক্স বিষয়ে গবেষণার কাজে যুক্ত থাকলে, ডক্টরেট ডিগ্রি থাকলে, শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে বা কোনও স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে লেখা প্রকাশিত হয়ে থাকলে অগ্রাধিকার।

**অফিসার-গ্রেড 'বি' (ডিপার্টমেন্ট অব স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্ট):** ২৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীর জন্য সংরক্ষিত। শিক্ষাগত যোগ্যতা: স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্যাল ইকনমিক্স বা ইকনমেট্রিক্স বা স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফমেটিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ইনফমেটিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মাস্টার ডিগ্রি। অথবা, ম্যাথমেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে স্ট্যাটিস্টিক্স বা সম্পর্কিত বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা। অথবা, আই এস আই থেকে এম স্ট্যাট। অথবা, যৌথ ভাবে আই এস আই কলকাতা, আই আই টি খড়্গপুর এবং আই আই এম কলকাতা থেকে বিজনেস অ্যানালিটিক্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে গবেষণার কাজে যুক্ত থাকলে, ডক্টরেট ডিগ্রি থাকলে, শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে বা কোনও স্বীকৃত জার্নালে সংশ্লিষ্ট বিষয়ে লেখা প্রকাশিত হয়ে থাকলে অগ্রাধিকার।

উপরোক্ত দু'টি পদের ক্ষেত্রেই অন্তত ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর বা সমতুল গ্রেড-পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২২ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। এম ফিল এবং পি এইচ ডি ডিগ্রিধারীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৫৫,২০০-৯৯,৭৫০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

গ্রেড 'বি' অফিসার (জেনারেল) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে দু'পর্যায়ের (ফেজ-ওয়ান ও ফেজ-টু) অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গে ফেজ-ওয়ান পরীক্ষার কেন্দ্রগুলি হল কলকাতা, বৃহত্তর কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি এবং আসানসোল। ফেজ-টু পরীক্ষার কেন্দ্র কলকাতা। ফেজ-ওয়ান অনলাইন পরীক্ষা হবে ২৮ মে। ফেজ-টু অনলাইন পরীক্ষাটি হবে ২৫ জুন।

গ্রেড 'বি' অফিসার (ডি ই পি আর / ডি আই এস এম) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'পর্যায়ে (ফেজ-ওয়ান ও ফেজ-টু)। ফেজ-ওয়ান পরীক্ষা ২ জুলাই। ফেজ-টু পরীক্ষা ৬ অগস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbi.org.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৮ এপ্রিল।

ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। অনলাইনে ডেবিট কার্ড (রুপে, ভিসা, মাস্টার কার্ড, মায়েস্ট্রো), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, আই এম পি এস (ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস), ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর প্রাপ্ত ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত করার আগে প্রার্থীকে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়ার পর যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে সাবমিট করুন। দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## গোরখপুর এইমসে ১০৮

*প্রথম পাতার পর*

দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.aiimsgorakhpur.edu.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৯ মে-র মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্সে ১১১

*প্রথম পাতার পর*

ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ (সংশোধিত ১৯৭৩) অনুসারে অন্তত ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি ফার্টিলাইজার বা কেমিক্যাল ইন্ডাস্ট্রিতে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

মোট শূন্যপদের মধ্যে ১২টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

উপরোক্ত সব ক'টি পদের ক্ষেত্রে বয়স: ১-৩-২০২২ তারিখে ৩১ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ২২,০০০-৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষা ও ট্রেড টেস্টের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে মুম্বই ও নাগপুরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rcfltd.com দরখাস্তের শেষ তারিখ ৪ এপ্রিল। মনে রাখবেন, দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৭০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কেন্দ্রীয় সরকারে ৩৬০৩ মাধ্যমিক

*প্রথম পাতার পর*

লেভেল-১অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা, হাবিলদার পদের ক্ষেত্রে অতিরিক্ত দৈহিক মাপজোক যাচাই ও দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্যায়ের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড এবং জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে। প্রতিটি বিষয়ে থাকবে ২৫টি করে প্রশ্ন। মোট নম্বর ১০০। সময়সীমা দেড় ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে কোড নম্বর) কলকাতা (৪৪১০), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪০৪), দুর্গাপুর (৪৪২৬), কল্যাণী (৪৪১৯) ও শিলিগুড়ি (৪৪১৫)। দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় থাকবে ইংরেজি বা সংবিধানের অষ্টম তফসিলের অন্তর্গত যে-কোনও ভাষায় এসে ও লেটার রাইটিং। মোট নম্বর ৫০। সময়সীমা ৪৫ মিনিট।

হাবিলদার পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার (মহিলাদের ক্ষেত্রে ২০ মিনিটে ১ কিলোমিটার) হাঁটা এবং ৩০ মিনিটে ৮ কিলোমিটার (মহিলাদের ক্ষেত্রে ২৫ মিনিটে ৩ কিলোমিটার) সাইক্লিং।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৫৭.৫ সেমি (গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীরা ৫ সেমি ছাড় পাবেন), মহিলাদের ক্ষেত্রে অন্তত ১৫২ সেমি (গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীরা ২.৫ সেমি ছাড় পাবেন)। বুকের ছাতি পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি। ওজন মহিলাদের ক্ষেত্রে অন্তত ৪৮ কেজি (গোর্খা ও তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে ৪৬ কেজি)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ এপ্রিল। দরখাস্তের সময় আপলোড করতে হবে প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে)। ২২-৩-২০২২ তারিখ অনুসারে তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ভীম ইউ পি আই, নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো/রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২ মে। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। অফলাইনে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৪ মে। সেক্ষেত্রে চালান জেনারেট করতে হবে ৩ মে-র মধ্যে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

দরখাস্তের সময় কোনও ত্রুটি হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ৫ মে থেকে ৯ মে পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গোয়া শিপইয়ার্ডে ২৪০

প্রথম পাতার পর

অভিজ্ঞতা থাকা চাই। মাজাগন শিপবিল্ডার্স বা কোচিন শিপইয়ার্ড বা গোয়া শিপইয়ার্ড থেকে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৫,১০০-৫৩,০০০ টাকা।

**গ্রিডি ওয়েল্ডার:** শূন্যপদ ১০টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ওয়েল্ডার ট্রেডে আই টি আই কোর্স পাশ। সেইসঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে গ্রিডি ওয়েল্ডিং সার্টিফিকেট থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। মাজাগন শিপবিল্ডার্স বা কোচিন শিপইয়ার্ড বা গোয়া শিপইয়ার্ড থেকে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৫,১০০-৫৩,০০০ টাকা।

**ইলেকট্রনিক মেকানিক:** শূন্যপদ ১৬টি (সাধারণ ১০, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেকট্রনিক মেকানিক ট্রেডে আই টি আই কোর্স পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। **বেতনক্রম:** ১৫,১০০-৫৩,০০০ টাকা।

**ইলেক্ট্রিক্যাল মেকানিক:** শূন্যপদ ১১টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আই টি আই কোর্স পাশ। ভোকেশনাল ট্রেনিংয়ে ন্যাশনাল সার্টিফিকেট বা লাইসেন্স কিংবা ওয়্যারম্যান লাইসেন্স থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৫,১০০-৫৩,০০০ টাকা।

**কুক:** শূন্যপদ ৪টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক পাশ। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকা চাই। **বেতনক্রম:** ১৪,৬০০-৪৮,৫০০ টাকা।

**অফিস অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৭টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ২)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশনে ১ বছরের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। বি সি এ বা কম্পিউটারে বি এসসি ডিগ্রিধারীদের সার্টিফিকেট কোর্স না করে থাকলেও চলবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম:** ১৫,৬০০-৫৭,৫০০ টাকা।

**অফিস অ্যাসিস্ট্যান্ট (ফিনান্স/ইন্টার্নাল অডিট):** শূন্যপদ ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** কমার্সে স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশনে ১ বছরের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম:** ১৫,৬০০-৫৭,৫০০ টাকা।

**ইয়ার্ড অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ১০টি (সাধারণ ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশনে ১ বছরের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। বি সি এ বা কম্পিউটারে বি এসসি ডিগ্রিধারীদের সার্টিফিকেট কোর্স না করে থাকলেও চলবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বেতনক্রম:** ১৫,১০০-৫৩,০০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্টোর্স-মেকানিক্যাল):** শূন্যপদ ৮টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে স্টোর বা ইনভেন্টরি বা লজিস্টিক্স বা সাপ্লাই চেন ম্যানেজমেন্টে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অতিরিক্ত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (স্টোর্স-ইলেক্ট্রিক্যাল):** শূন্যপদ ৭টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে স্টোর বা ইনভেন্টরি বা লজিস্টিক্স বা সাপ্লাই চেন ম্যানেজমেন্টে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অতিরিক্ত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কমার্শিয়াল-মেকানিক্যাল):** শূন্যপদ ১২টি (সাধারণ ৭, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অতিরিক্ত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কমার্শিয়াল-ইলেক্ট্রিক্যাল):** শূন্যপদ ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অতিরিক্ত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (কমার্শিয়াল-ইলেকট্রনিক্স):** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অতিরিক্ত যোগ্যতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (মেকানিক্যাল):** শূন্যপদ ২১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অটো ক্যাডে কাজের দক্ষতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেক্ট্রিক্যাল):** শূন্যপদ ১৫টি (সাধারণ ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। গোয়া লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত সুপারভাইজরি লাইসেন্স থাকলে এবং অটো ক্যাড সংক্রান্ত কাজ জানলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (ইলেকট্রনিক্স):** শূন্যপদ ৫টি (সাধারণ ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অটো ক্যাড সংক্রান্ত কাজ জানলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (শিপবিল্ডিং):** শূন্যপদ ২১টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** শিপবিল্ডিং ইঞ্জিনিয়ারিংয়ে দু'বছরের ডিপ্লোমা। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অটো ক্যাড সংক্রান্ত কাজ জানলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১৬,৬০০-৬৩,৫০০ টাকা।

**ট্রেনি ওয়েল্ডার:** শূন্যপদ ১০টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ওয়েল্ডার ট্রেডে আই টি আই কোর্স পাশ। **স্টাইপেন্ড:** প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৭,০০০ টাকা ও ৭,৫০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ১৫,১০০-৫৩,০০০ টাকা।

**আনস্কিল্ড:** শূন্যপদ ২০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। আই টি আই সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ১০,১০০-৩৫,০০০ টাকা।

ফুটওয়্যার ফিটার, ওয়েল্ডার, গ্রিডি ওয়েল্ডার, ইলেকট্রনিক মেকানিক এবং ট্রেনি ওয়েল্ডার পদের ক্ষেত্রে আই টি আই কোর্স এবং এন সি টি ভি টি (ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ) সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলেও আবেদন করা যাবে।

**বয়স:** ২৮-২-২০২২ তারিখে ৩৩ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হবে লিখিত পরীক্ষা এবং প্র্যাকটিক্যাল টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.goashipyard.in দরখাস্তের শেষ তারিখ ২৮ এপ্রিল।

ডিমান্ড ড্রাফটের মাধ্যমে ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ড্রাফটটি "Goa Shipyard Limited"-এর অনুকূলে "Vasco-da-Gama, Goa"-য় প্রদেয় হতে হবে।

দরখাস্ত পূরণের সময় জে পি জি বা পি ডি এফ ফর্ম্যাটে আপলোড করতে হবে এই সব নথি— ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (সাদা বা হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ৪৫০ কেবি সাইজের মধ্যে), ✓কালো কালিতে করা সই (৪৫০ কেবি সাইজের মধ্যে), ✓প্রযোজ্য ক্ষেত্রে ডিমান্ড ড্রাফট (৫০০ কেবি সাইজের মধ্যে), ✓বয়সের প্রমাণপত্র (৫০০ কেবি সাইজের মধ্যে), ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র (১ এম বি সাইজের মধ্যে), ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি সার্টিফিকেট, ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৫০০ কেবি সাইজের মধ্যে), ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (১ এম বি সাইজের মধ্যে)।

দরখাস্তের সময় একটি অ্যাপ্লিকেশন নম্বর বা জব রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি টুকে রাখবেন। দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। দরখাস্তের প্রিন্ট আউট, প্রযোজ্য ক্ষেত্রে ডিমান্ড ড্রাফট (পিছনে অ্যাপ্লিকেশন নম্বর বা জব রেজিস্ট্রেশন নম্বর, প্রার্থীর নাম, মোবাইল নম্বর, যে-পদের জন্য আবেদন করছেন তার নাম এবং বিজ্ঞপ্তি নম্বর লিখে দেবেন) এবং যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র ৯ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: CGM (HR&A), HR Department, Dr. B.R.Ambedkar Bhavan, Goa Shipyard Limited, Vasco-Da-Gama, Goa – 403802.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।







# পরিবেশবান্ধব পাটের ব্যাগের প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হোন

**বর্তমানে প্লাস্টিকমুক্ত পরিবেশ গড়ার কাজে তৎপর হচ্ছে সরকার। এই জন্য প্লাস্টিকের ব্যাগের বিকল্প হিসেবে জনপ্রিয় হচ্ছে পাটের ব্যাগ। বিভিন্ন নকশা এবং আয়তনের পাটের ব্যাগের বিক্রি বাড়ছে বিভিন্ন মেলা ও বিপণিতে। এই ধরনের ব্যাগ তৈরি করা শিখে স্বনির্ভর হতে পারেন বেকার যুবক-যুবতীরা। এর জন্য কোনও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন নেই। তবে কাজ শুরুর আগে প্রশিক্ষণ নেওয়া জরুরি। প্রশিক্ষণ দেবে সরকারি সংস্থা নিরজাফট। আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** 

প্লাস্টিক পরিবেশ ও স্বাস্থ্যের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। তা সত্ত্বেও বাজার বা অফিস বা স্কুল-কলেজ, সর্বত্রই নিত্য প্রয়োজনে প্লাস্টিকের ব্যাগ ব্যবহার করছি সকলে। কারণ প্লাস্টিকের বিকল্প সীমিত। এই সমস্যার হাত থেকে বাঁচাতে পারে একমাত্র পরিবেশবান্ধব সামগ্রী। সেজন্যই নানা মহলে, এমনকী সরকারি ভাবেও চেষ্টা চলেছে প্লাস্টিকের ব্যাগের বদলে পাটের ব্যাগের ব্যবহার বাড়ানোর। পাটের ব্যাগের নকশায় বৈচিত্র এনে তাকে জনপ্রিয় করে তোলার চেষ্টা চলেছে। শৌখিন পাটের ব্যাগের ব্যবহারও বেশ চোখে পড়ছে ইদানীং। হস্তশিল্প বিপণিতে বা বইমেলা-সহ বিভিন্ন মেলায় পাটের ব্যাগ ও পাটের বিবিধ সামগ্রীর স্টলে ভিড় দেখা যাচ্ছে। মানুষের মধ্যে সচেতনতা বাড়ছে। এই প্রবণতা গোটা বিশ্ব জুড়েই।

পাটের ব্যাগ কেবল শৌখিন নয়, টেকসই এবং জল দিয়ে পরিষ্কার করা যায়। পাট দিয়ে ব্যাগ ছাড়াও তৈরি হচ্ছে গয়না, জুতো, পাপোষ, ওয়াল হ্যাংগিং, ফুলদানি, কলম রাখার ঝুড়ি, টেবিল ম্যাট ইত্যাদি হাজারো জিনিস। ব্যাগের পাশাপাশি এই সব জিনিসের চাহিদা রয়েছে ইউরোপ, আমেরিকা ও এশিয়ার বিভিন্ন দেশে। তাই দেশের বাজারে বিক্রি বাড়ার পাশাপাশি রপ্তানির সুযোগও আছে।

স্বাধীন ভাবে ব্যবসা করতে চাইলে পাটজাত ব্যাগ ও অন্যান্য সামগ্রী তৈরি ও বিক্রির কথা ভাবতে পারেন। তবে ব্যবসা শুরুর আগে প্রশিক্ষণ অবশ্যই নিতে হবে। প্রশিক্ষণ নিয়ে ব্যবসা করতে পারেন, আবার পাটজাত সামগ্রী তৈরি করে এমন কোনও সংস্থার সঙ্গে যুক্ত হয়েও কাজ করতে পারেন। যেহেতু পাটজাত সামগ্রীর প্রসারে সরকারও সামিল, তাই প্রশিক্ষণের সার্টিফিকেট থাকলে ব্যবসার জন্য ঋণ পেতে সুবিধা হবে।

কেন্দ্রীয় সরকারের সংস্থা আই সি এ আর-ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (নিরজাফট)-তে পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ শুরু হবে ১৮ এপ্রিল। শেখানো হবে শুধুই পাটের ব্যাগ তৈরি করা। সংস্থার প্রযুক্তি হস্তান্তর বিভাগের মুখ্য বিজ্ঞানী ড. বিদ্যাভূষণ শম্ভু জানালেন, 'পাটের ব্যাগের চাহিদা ক্রমশ বাড়ছে। সেই বাড়তি চাহিদার দিকে লক্ষ রেখে এবার শুধুই বিভিন্ন ধরনের ব্যাগ তৈরি করা শেখানো হবে।'

## প্রশিক্ষণের খুঁটিনাটি

আই সি এ আর-নিরজাফট-এ পাটের ব্যাগ তৈরির প্রশিক্ষণ দেওয়া হবে ১৮ এপ্রিল থেকে ২ মে অবধি। ১৫ দিনের প্রশিক্ষণ। প্রতিদিন ক্লাস সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।

প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা বা বয়সের কোনও বাধানিষেধ নেই। তবে প্রার্থী নির্বাচনের সময় নিরজাফট গুরুত্ব দেয় কর্মহীনদের।

প্রশিক্ষণ ফি ১,৩০০ টাকা, এর সঙ্গে যুক্ত হবে ১৮ শতাংশ জিএসটি। দৈনিক ৫০ ও ১০০ টাকার বিনিময়ে হোস্টেলে থাকার ব্যবস্থা আছে। তবে শুধুই থাকার ব্যবস্থা, খাবারের ব্যবস্থা নিজেকে করে নিতে হবে।

প্রশিক্ষণ শেষ হলে সার্টিফিকেট পাওয়া যাবে। সেই সার্টিফিকেট দেখিয়ে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রকের ডেভেলপমেন্ট কমিশনারের (পূর্বাঞ্চল) অফিস থেকে আর্টিজান বা হস্তশিল্পী হিসেবে স্বীকৃতি কার্ড পাওয়া যায়। এই কার্ড থাকলে আর্টিজান হিসেবে নাম নথিভুক্ত করা যায় জেলা শিল্পকেন্দ্রগুলিতে। ব্যাঙ্ক থেকে ঋণ পেতেও সুবিধে হয়।

এই প্রশিক্ষণের কোঅর্ডিনেটর তরুণ কুণ্ডু জানান, 'র মেটিরিয়াল অর্থাৎ পাটের কাপড় থেকে কাটিং করে, সেলাই করে বিভিন্ন ডিজাইনের ব্যাগ তৈরি করা শেখানো হবে। এছাড়াও, কী ভাবে আর্টিজান কার্ড পাওয়া যাবে, কোথা থেকে র মেটিরিয়াল কিনতে হবে ইত্যাদি ব্যবসা সংক্রান্ত তথ্যও শিক্ষার্থীদের দেওয়া হয়।'

ভর্তির জন্য যোগাযোগ: ড. বিদ্যাভূষণ শম্ভু, মুখ্য বিজ্ঞানী, প্রযুক্তি হস্তান্তর বিভাগ, আই সি এ আর-ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ১২, রিজেন্ট পার্ক (রানিকুঠি বাসস্টপে নেমে ২ মিনিটের হাঁটাপথ), কলকাতা ৭০০০৪০। ফোন- (০৩৩) ২৪২১-২১১৫/১৬/১৭।

সার্টিফিকেট পাওয়ার পরেও বিনা খরচে হাতেকলমে অনুশীলন করতে পারেন নিরজাফটে এসে। অবশ্য অনুশীলনের জন্য কোনও উপকরণ বাইরে থেকে আনার অনুমতি নেই। উপকরণ নিরজাফট থেকেই দেওয়া হয়। প্র্যাকটিসের সময় যে সামগ্রীটি তৈরি হবে সেটি বাইরে নিয়ে যেতেও পারবেন না। শুধুমাত্র উৎসাহীদের দক্ষতা বাড়ানোর জন্য এই সুযোগ দেওয়া হয়।

আই সি এ আর-নিরজাফট-এর এবারের প্রশিক্ষণে শুধু ব্যাগ তৈরি করা শেখানো হলেও ভবিষ্যতে আগের মতোই পাটের গয়না, জুতো ইত্যাদি তৈরি করার প্রশিক্ষণ দেওয়া হবে।

## কীভাবে ব্যবসা

কেবল পাটের ব্যাগ নয়, পাটের গয়নাও খুবই জনপ্রিয়। ব্যবসা শুরু করার আগে বিভিন্ন হস্তশিল্প সামগ্রীর দোকান এবং মেলাগুলিতে যাওয়া বিশেষ প্রয়োজন। এর থেকে ক্রেতার রুচি ও পছন্দ এবং নকশার বৈচিত্র ও অভিনবত্ব সম্পর্কে ধারণা গড়ে উঠবে। পাটের ব্যাগ তৈরির জন্য ১০ থেকে ১৫ হাজার টাকার মধ্যে সেলাইয়ের মেশিন কিনতে পাওয়া যায়। কাঁচি, স্কেল, সুতো, কাঁচামাল ইত্যাদি মিলিয়ে ২০-২৫ হাজার টাকা পুঁজি নিয়েই শুরু করা যায় পাটের ব্যাগের ব্যবসা। ব্যবসা জমে গেলে অটোমেটিক মেশিন কিনে ফেলা ভালো, তাতে কম সময়ে বেশি উৎপাদন করা যাবে। একা কাজটা না করে কয়েক জনকে সঙ্গে নিয়ে গ্রুপ তৈরি করেও করতে পারেন, তাতে অনেক দ্রুত বেশি মাত্রায় জিনিস তৈরি করা সম্ভব।




# অসম রাইফেলসে ১০৪ *প্রথম পাতার পর*

**খেলাধুলার যোগ্যতা:** কোনও আন্তর্জাতিক বা জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় টুর্নামেন্ট বা ন্যাশনাল স্কুল গেমসে অংশগ্রহণ করে থাকতে হবে। ন্যাশনাল সিভিক্যাল এবিলিম্পিক্স স্কুইটে পুরস্কার জিতে থাকলেও আবেদন করা যাবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, চরম বামপন্থা অধ্যুষিত জেলার তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫৭ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি, চরম বামপন্থা অধ্যুষিত জেলার তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি, গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি)। সব ক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। **দৃষ্টিশক্তি:** কাছের ক্ষেত্রে ভালো চোখে এন৬, খারাপ চোখে এন৯। দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে আবেদন করা যাবে না। রং চেনার ক্ষমতা সিপি থ্রি মানের হতে হবে। বর্ণান্ধতা থাকলে চলবে না। প্রার্থীকে শারীরিক ভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি, শিরাস্ফীতি থাকলে চলবে না। **বয়স:** ১-৮-২০২২ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দৈহিক মাপজোক যাচাই, নথিপত্র যাচাই, ফিল্ড ট্রায়ালের মাধ্যমে। বাছাই আয়োজিত হবে মণিপুরে, ৪ জুলাই থেকে।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.assamrifles. ... অনলাইনে আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

... দিতে হবে ১০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ... Recruitment Branch, ... DGAR Laitkor Branch ... মহিলা এবং তফসিলি প্রার্থীদের ... উপরোক্ত ওয়েবসাইট।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 3):** *Which is closest to the opposite in meaning of the underlined word.*

1. The rabit of squandering money should not be encouraged.
(a) discarding (b) hoarding (c) stealing (d) donating

2. His short but pointed speech was applauded by all sections of the audience.
(a) praised (b) welcomed (c) disapproved (d) misunderstood

3. The young leader was reluctant to shoulder the responsibilities of the ministerial office.
(a) wanting (b) willing (c) anxious (d) eager

**Direction (4 to 6):** *Choose the one which best expresses the meaning.*

4. Persist
(a) Resist (b) Leave (c) Quit (d) Insist

5. Eventually
(a) Previously (b) Briefly (c) Successfully (d) Finally

6. Impeccable
(a) Flawless (b) Unbelievable (c) Remarkable (d) Displeasing

**Direction (7 to 10):** *Choose the correct alternative out of the four.*

7. The auspicious beginning _____ well for a successful completion of our project.
(a) attuness (b) augurs (c) argues (d) answers

8. The student was punished for his _____.
(a) modesty (b) clemency (c) impudence (d) prudence

9. My father was too _____ to push the heavy door.
(a) feeble (b) fragile (c) faint (d) flatering

10. The flood damaged the books so much that it was impossible to ____ them.
(a) retreat (b) retrace (c) retract (d) retrieve

**Direction (11 to 15):** *Find out which part of the sentence has an error.*

11. Our laxity induty (a)/increases with our (b)/aversion for work (c)/No error (d)

12. The teacher (a)/was pleased (b)/at Sanjay (c)/No error (d)

13. None saw him (a)/worth for the reward for (b)/he received (c)/ No error (d)

14. My uncle frequently goes to abroad (a)/for business (b)/by air (c)/No error (d)

15. The boy stood (a)/by me (b)/while painting (c)/No error (d)

**Direction (16 to 20):** *Choose the most suitable 'one word'.*

16. To take one to task.
(a) Disgrace (b) Handle (c) Entreat (d) Rebuke

17. One who uses fear as a weapon of power.
(a) Terrorist (b) Militant (c) Extremist (d) Anarchist

18. A small piece of wood.
(a) Crumb (b) Splinter (c) Chip (d) Scrap

19. Mania for setting fires.
(a) Kelptomania (b) Pyromania (c) Logomania (d) Nymphomania

20. A pioneer of a reform movement.
(a) Renegade (b) Apothecary (c) Apostle (d) Apotheosis

**Direction (21 to 25):** *Choose the alternative which best expresses the meaning of the idiom/phrase.*

21. He was confident that all his present sufferings will soon blow over.
(a) be taken care of (b) pass off (c) be looked into (d) increase

22. The teacher advised the students to take into account the advice given by the elders.
(a) to obey (b) to consider (c) to reject (d) to neglect

23. The company has run into a lot of debts.
(a) settled (b) avoided (c) incurred (d) opened up

24. The teacher announced that she had no blue-eyed boys in the class.
(a) favourites (b) royal children (c) young boys (d) foreigners

25. The day I graduated was a red letter day for me.
(a) a formidable (b) an important day (c) an eventful day (d) a dangerous day

26. দেহকোষের ডিঅক্সিরাইবো নিউক্লিয়াসকে কী বলা হয়?
(a) অ্যাম্ফিনিউক্লিয়াস (b) হেটারোক্যারিয়ন (c) প্রোনিউক্লিয়াস (d) হেমিনিউক্লিয়াস

27. নীচের যৌগগুলির মধ্যে কোনটি জলে বেশি দ্রবণীয়?
(a) $Ba(OH)_2$ (b) $Sr(OH)_2$ (c) $Ca(OH)_2$ (d) $Mg(OH)_2$

28. নীচের কোনটি পিরিমিডিন বেস নয়?
(a) ইউরাসিল (b) সাইটোসিন (c) থাইমিন (d) গুয়ানিন

29. যে ঘটনা প্রয়োগ করে হাইড্রোজেন বোমা আবিষ্কৃত হয়েছিল তা হল:
(a) কৃত্রিম মৌলান্তর (b) তেজস্ক্রিয় বিঘটন (c) কেন্দ্রক বিভাজন (d) কেন্দ্রক সংযোজন

30. সুষম খাদ্যে কার্বোহাইড্রেট, ফ্যাট ও প্রোটিনের অনুপাত হল:
(a) 1 : 1 : 1 (b) 2 : 1 : 1 (c) 6 : 1 : 2 (d) 4 : 1 : 1

31. ইথিলিন একটি অস্বাভাবিক হরমোন কারণ এটি:
(a) একটি বায়বীয় পদার্থ (b) অনড় (c) ফ্লোয়েম সংবাহিত (d) জাইলেম সংবাহিত

32. গ্যালভানাইজেশন করতে:
(a) লোহার ওপর দস্তার আস্তরণ দেওয়া হয় (b) দস্তার ওপর লোহার আস্তরণ দেওয়া হয় (c) লোহার ওপর তামার আস্তরণ দেওয়া (d) দস্তার ওপর তামার আস্তরণ দেওয়া হয়

33. অর্ধপ্রবেশ্য ঝিল্লীর ভেতর দিয়ে প্রবাহিত হতে পারে:
(a) দ্রাব (b) দ্রাবক (c) a ও b উভয়েই (d) কোনওটিই নয়

34. শব্দের গতি সবচেয়ে বেশি হবে:
(a) 0° C-এ শুষ্ক বাতাসে (b) 30° C-এ শুষ্ক বাতাসে (c) 0° C-এ জলীয় বাতাসে (d) 30° C-এ জলীয় বাতাসে

35. নীচের কোনটি সাধারণ তাপমাত্রায় তরল?
(a) অ্যাসিটালডিহাইড (b) বিউটেন (c) ইথেন (d) সাইট্রিক অ্যাসিড

36. নীচের কোনটির দ্বারা স্টার্চ ও প্রোটিন পাচিত হয়?
(a) অগ্ন্যাশয় রস (b) পিত্ত (c) লালা (d) গ্যাসট্রিক রস

37. বর্ণালির মোট সাতটি আলোর মধ্যে কোন আলোর তরঙ্গ দৈর্ঘ্য সব থেকে বেশি?
(a) হলুদ (b) লাল (c) বেগুনি (d) নীল

38. ম্যাগনেশিয়াম ফিতাকে জ্বালালে তার ছাই হবে:
(a) লাল (b) হলুদ (c) সাদা (d) কালো

39. জলে ভাসমান ক্ষুদ্র ক্ষুদ্র আনুবীক্ষণিক জীবদের কী বলা হয়?
(a) ফনা (b) প্লাঙ্কটন (c) বেনথস (d) নেকটন

40. স্তন্যপায়ী প্রাণীদের ক্ষেত্রে স্টার্চের পরিপাক শুরু হয় কোথা থেকে?
(a) গ্রাসনালি (b) পাকস্থলী (c) মুখ (d) ডিওডিনাম

41. প্রোটিনের পরিপাক কোথায় সম্পন্ন হয়?
(a) ডিওডিনামে (b) ইলিয়ামে (c) রেকটামে (d) পাকস্থলীতে

42. সব শক্তিরই প্রত্যক্ষ বা পরোক্ষ উৎস হল:
(a) সূর্য (b) ভর (c) পৃথিবী (d) তড়িৎপ্রবাহ

43. কত ডিগ্রি তাপমাত্রায় সেলসিয়াস ও ফারেনাইট স্কেলের মান এইরূপ হয়?
(a) –40° (b) 40° (c) –30° (d) 30°

44. কী ধরনের কণা বিভাজ্য হয়?
(a) প্রোটন (b) ইলেকট্রন (c) নিউট্রন (d) অ্যাটম

45. শব্দের বেগ তুলনামূলকভাবে বেশি কোন মাধ্যমে?
(a) লোহার তার (b) বায়ুশূন্য স্থান (c) বায়ু (d) জল

46. সবচেয়ে ক্ষতিকারক অ্যানিমিয়া কোনটি?
(a) ম্যাক্রোসাইটিক (b) মাইক্রোসাইটিক (c) প্যারনিসিয়াস (d) a ও b উভয়ই

47. কোন উষ্ণতায় বিশুদ্ধ জলের ঘনত্ব সর্বাধিক হয়?
(a) 1° C (b) 2° C (c) 3° C (d) 4° C

48. কোনও ঘড়িতে যখন দশটা বাজে, তখন দর্পণের মধ্য দিয়ে কত বেজেছে বলে মনে হবে?
(a) 1টা (b) 2টো (c) 3-টে (d) 4-টে

49. ক্যাডমিয়াম দূষণের ক্ষেত্রে কোন রোগটি সম্পর্কিত?
(a) অ্যানিমিয়া (b) নিউমোকোনিওসিস (c) ইটাই-ইটাই (d) মিনামাটা

50. কোন প্রাণীর শ্বাসঅঙ্গ 'বুকলাং'?
(a) শামুক (b) চিংড়ি (c) কাঁকড়াবিছে (d) আরশোলা

51. সাতপুরা পর্বতশ্রেণীর উচ্চতম শৃঙ্গটির নাম কী?
(a) মহাবালেশ্বর (b) ধূপগড় (c) ডোডাবেটা (d) আরবল্লী

52. 'তালচের তাপবিদ্যুৎ কেন্দ্রটি' কোন রাজ্যে অবস্থিত?
(a) অন্ধ্রপ্রদেশ (b) পশ্চিমবঙ্গ (c) গুজরাট (d) ওড়িশা

53. নীচের নদীগুলির মধ্যে কোনটি পশ্চিমবাহিনী নদী নয়?
(a) তাপ্তি (b) মহানদী (c) নর্মদা (d) সবরমতী

54. কোন গিরিপথটির অপর নাম 'জহর সুড়ঙ্গ'?
(a) খাইবার (b) জোজি লা (c) বানিহাল (d) পিরপাঞ্জাল

55. হেক্টর প্রতি ধান উৎপাদনে ভারতে কোন রাজ্যটি শীর্ষস্থানে রয়েছে?
(a) কর্নাটক (b) পাঞ্জাব (c) হরিয়ানা (d) গুজরাট

56. বঙ্গোপসাগরের ঘূর্ণিঝড় কোন মানচিত্রের সাহায্যে বিশ্লেষণ করা হয়?
(a) স্যাটেলাইট ইমেজারি (b) টোপোগ্রাফিক্যাল মানচিত্র (c) জি আই এস (d) অক্সফোর্ড অ্যাটলাস

57. পশ্চিম ভারতের কৃষ্ণ মৃত্তিকাকে কী বলা হয়?
(a) ল্যাটেরাইট (b) তরাই (c) রেগুর (d) টেরারোসা

58. 'পঞ্চনদের দেশ' নামে অভিহিত রাজ্য কোনটি?
(a) ছত্তিশগড় (b) আসাম (c) গুজরাট (d) পাঞ্জাব

59. Rann হচ্ছে:
(a) মরুভূমি (b) উপসাগর (c) বালিয়াড়ি (d) Playa হ্রদ

60. কোন দেশে 'Pangolin' দেখা যায়?
(a) আফ্রিকা (b) এশিয়া (c) আফ্রিকা ও এশিয়া (d) অস্ট্রেলিয়া

61. 'সীফ' হচ্ছে:
(a) বালিয়াড়ি (b) Playa হ্রদ (c) উপসাগর (d) মরুভূমি

62. 'লোকনৃত্য হিসেবে' ডান্ডিয়ার উদ্ভব ঘটেছে কোন রাজ্যে?
(a) কেরল (b) কর্নাটক (c) মহারাষ্ট্র (d) গুজরাট

63. 'রুদ্রপ্রয়াগ' কোন দুই নদীর সঙ্গমে অবস্থিত?
(a) অলকানন্দা-ভাগীরথী (b) অলকানন্দা-মন্দাকিনী (c) মন্দাকিনী-গঙ্গা (d) মন্দাকিনী-শোনগঙ্গা

এরপর এগারোর পাতায়

# নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. মানুষের অক্ষিগোলকের যে অংশটি আলোক সুবেদী তা হল:
(a) স্কেরা (b) কোরয়েড (c) রেটিনা (d) কর্ণিয়া

2. হিমোফিলিক মাতার জিনোটাইপ হল:
(a) $XY^h$ (b) $X^hX^h$ (c) $X^hY$ (d) $X^hY^h$

3. দিনের আলোয় পদ্মফুলের প্রস্ফুটনকে কী প্রকার চলন বলা হয়?
(a) থার্মোন্যাস্টিক (b) ফোটোন্যাস্টিক (c) সাইক্লোসিস (d) সিসমোন্যাস্টিক

4. খাদ্যের উৎস অনেকটা দূরে থাকলে মৌমাছিরা বার্তা বিনিময়ের জন্য কোন নৃত্য প্রদর্শন করে?
(a) ওয়াগল ডান্স (b) রাউন্ড ডান্স (c) ব্রেক ডান্স (d) সাফেল ডান্স

5. শূন্যস্থান পূরণ করুন:
______ হরমোনের অধিক ক্ষরণে অ্যাক্রোমেগালি বা অতিকায়ত্ব রোগ হয়।
(a) ACTH (b) STH (c) FSH (d) ADH

6. থিগমোট্রপিজমের উদ্দীপকটি হল:
(a) অভিকর্ষ (b) জল (c) স্পর্শ (d) উষ্ণতা

7. একটি সপুষ্পক মৃতজীবী উদ্ভিদ হল:
(a) লাইকেন (b) স্বর্ণলতা (c) র‍্যাফ্লেসিয়া (d) মনোট্রোপা

8. টাইফয়েড রোগের অন্য আরেকটি নাম:
(a) কোল্ড ফিভার (b) ইয়েলো ফিভার (c) সাল্কাস এন্টিবিকাস (d) এন্টারিক ফিভার

9. টিউলিপ ফুলের পাপড়িগুলো অধিক উষ্ণতায় ফোটে ও কম উষ্ণতায় মুড়ে যায় এই প্রকার চলনকে কী বলা হয়?
(a) নিকটিন্যাস্টি (b) কেমোন্যাস্টি (c) থার্মোন্যাস্টি (d) সিমনোন্যাস্টি

10. মানুষের মেরুদণ্ডে কতগুলি কশেরুকা থাকে?
(a) 11টি (b) 22টি (c) 33টি (d) 44টি

11. জীবের চারিত্রিক বৈশিষ্ট্য নির্ধারণকারী ক্রোমোজোমকে কী বলা হয়?
(a) অটোজোম (b) অ্যালোজোম (c) সেন্টোজোম (d) ক্রোমোজোম

12. 'মাইটোসিস কোষ বিভাজন' কোন বিজ্ঞানী আবিষ্কার করেন?
(a) আইভান প্যাভলভ (b) জোহানসেন (c) হেনরি স্টারলিং (d) ওয়াল্টার ফ্লেমিং

13. 'বিসিজি' কোন রোগের টিকা?
(a) ডেঙ্গু (b) টিটেনাস (c) ডিপথেরিয়া (d) টিউবারকুলোসিস

14. হাঁপানির ওষুধ 'ডাটুরিন' কোন গাছের পাতা ও ছাল থেকে তৈরি হয়?
(a) অশ্বগন্ধা (b) সর্পগন্ধা (c) ধুতুরা (d) সিঙ্কোনা

15. সবুজগ্রন্থি কোন প্রাণীর রেচন অঙ্গের নাম?
(a) ফিতাকৃমি (b) কেঁচো (c) আরশোলা (d) চিংড়ি

16. বাইপোলার নিউরোন কোন অংশে দেখা যায়?
(a) করোটিতে (b) সুষুম্নাকাণ্ডে (c) ভ্রূণে (d) রেটিনাতে

17. লাল রঙের বর্ণান্ধতাকে কী বলা হয়?
(a) অ্যাক্রোম্যাটোপসিয়া (b) ট্রিটানোপিয়া (c) ডিউটেরোনোপিয়া (d) প্রোটানোপিয়া

18. বিজ্ঞানের কোন শাখায় জনসংখ্যা সংক্রান্ত অধ্যয়ন করা হয়?
(a) টপোগ্রাফি (b) অরোগ্রাফি (c) হলগ্রাফি (d) ডেমোগ্রাফি

19. আর্কিওপটেরিক্স কোন প্রাণীর জীবাশ্ম?
(a) ঘোড়ার (b) রাজকাঁকড়ার (c) পাখির (d) হাতির

20. পুংগ্যামেট ও স্ত্রীগ্যামেটের মিলনকে কী বলে?
(a) অপুংজনি (b) অযৌন জনন (c) সংযুক্তি (d) নিষেক

21. বিদ্যুৎ চমকানোর ভয়কে বলা হয়:
(a) শিমাইফোবিয়া (b) অ্যারোফোবিয়া (c) সাইনোফোবিয়া (d) অ্যাস্ট্রোফোবিয়া

22. বিড়াল থেকে নীচের কোন রোগটি হতে পারে?
(a) কালাজ্বর (b) প্লেগ (c) জলাতঙ্ক (d) ডিপথেরিয়া

23. সূর্যমুখী তেলে কোন ভিটামিন বেশি থাকে?
(a) ভিটামিন-ই (b) ভিটামিন-ডি (c) ভিটামিন-সি (d) ভিটামিন-কে

24. স্ট্রেপটোমাইসিন আবিষ্কারের জনক কে?
(a) সেলমন ওয়াকম্যান (b) লুইস পাস্তুর (c) আলেকজান্ডার ফ্লেমিং (d) আলবার্ট স্ক্যাটজ

25. যানবাহন নিঃসৃত দূষক পদার্থ হল:
(a) প্যান (b) এরোসল (c) স্মগ (d) সবক'টি

26. 'গ্লোসাইটিস' কোন ভিটামিনের অভাবে হয়?
(a) ভিটামিন-ডি (b) ভিটামিন-বি (c) ভিটামিন-এ (d) ভিটামিন-সি

27. রক্তের অ্যান্টি অ্যালার্জিক উপাদানটি হল:
(a) সায়ানোসিস (b) ইউসিনোফিল (c) ক্যারিস (d) ইউরোক্রোম

28. লিউকোমিয়া রোগের কারণ হল:
(a) রক্তে শ্বেতকণিকার মাত্রা বেড়ে যাওয়া (b) রক্তে লোহিতকণিকার মাত্রা বেড়ে যাওয়া (c) রক্তে শ্বেতকণিকার মাত্রা কমে যাওয়া (d) রক্তে লোহিতকণিকার মাত্রা কমে যাওয়া

29. 'সিকেল সেল অ্যানিমিয়া' হল একটি:
(a) বংশগত রোগ (b) মানসিক রোগ (c) ঘাটতিজনিত রোগ (d) ভাইরাসঘটিত রোগ

30. যে কোনও লেবু জাতীয় ফলে কোন অ্যাসিড থাকে?
(a) অ্যাসকরবিক (b) ল্যাক্টিক (c) নাইট্রিক (d) সাইট্রিক

31. ফ্যাটের প্রধান পুষ্টিগত গুরুত্ব কী?
(a) তাপশক্তি উৎপাদন ও দেহে ভবিষ্যতের জন্য সঞ্চয় (b) কর্মক্ষমতা প্রদান ও তাপশক্তি উৎপাদন (c) দেহের ক্ষয়পূরণ ও দেহের বৃদ্ধি (d) কোষ গঠন ও গ্লুকোজ উৎপাদন

32. কার্বন আত্তীকরণের জন্য যা প্রয়োজনীয় তা হল:
(a) $CO_2$ ও RuBp (b) RuBP ও $O_2$ (c) $HO_2$ ও $CO_2$ (d) RuBp ও $NADPH_2$

33. ভিটামিন এ-এর উৎস হল:

এরপর এগারোর পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

64. রাউরকেল্লা ইস্পাত কারখানাটি কোন নদী কূলে নির্মিত?
(a) ভীমা নদী (b) দামোদর নদী (c) ব্রাহ্মণী নদী (d) ভদ্রা নদী
65. ভারতের উপদ্বীপীয় অঞ্চলে মুখ্য সেচ ব্যবস্থা কোনটি?
(a) পুকুর/বদ্ধ জলাভূমি (b) কূপ (c) খাল (d) স্প্রিঙ্কলার
66. ইরাবতী ও বিপাশা নদীর উৎসস্থল কোনটি?
(a) জোজি লা গিরিপথ (b) রোটাং গিরিপথ (c) কাশ্মীর হিমালয় (d) পীরপাঞ্জাল গিরিপথ
67. কোনও স্থান ও তার প্রতিপাদ স্থানের মধ্যে সময়ের কত পার্থক্য হয়?
(a) 5 ঘণ্টা (b) 6 ঘণ্টা (c) 8 ঘণ্টা (d) 12 ঘণ্টা
68. জাতীয় বিদুৎ সংস্থা (NTPC) কত সালে গঠিত হয়েছে?
(a) 1970 সালে (b) 1972 সালে (c) 1974 সালে (d) 1975 সালে
69. ভারতের বৃহত্তম সেচ প্রকল্প কোনটি?
(a) রিহান্দ প্রকল্প (b) ভাকরা-নাঙ্গাল প্রকল্প (c) নাগার্জুন সাগর প্রকল্প (d) দামোদর উপত্যকা প্রকল্প
70. ভারত উপদ্বীপে খরাপ্রবণ জেলার সংখ্যা ক'টি?
(a) 40 (b) 50 (c) 55 (d) 60
71. সর্বাধিক সড়কপথ আছে কোন রাজ্যে?
(a) উত্তরপ্রদেশে (b) তামিলনাড়ুতে (c) মহারাষ্ট্রে (d) গুজরাটে
72. বালিয়াড়িযুক্ত বালির মরুভূমিরূপের নাম কী?
(a) রেগ (b) ত্রর্গ (c) হামাদা (d) খোয়াই
73. পুকুর থেকে সর্বাধিক জলসেচ হয়:
(a) পশ্চিমবঙ্গে (b) তামিলনাড়ুতে (c) ওড়িশায় (d) অন্ধ্রপ্রদেশে
74. কোনটি খাড়ীয় ব-দ্বীপ?
(a) রাইনের ব-দ্বীপ (b) মিসিসিপির ব-দ্বীপ (c) ভল্গার ব-দ্বীপ (d) গঙ্গার ব-দ্বীপ
75. পৃথিবীর বৃহত্তম হ্রদ কোনটি?
(a) ভিক্টোরিয়া হ্রদ (b) গ্রেটবিয়ার হ্রদ (c) কাস্পিয়ান সাগর (d) আরব সাগর
76. 42তম সংশোধনের মাধ্যমে কোন শব্দগুলি ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সংযোজিত হইয়াছে?
(a) সার্বভৌম সমাজতান্ত্রিক (b) সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ (c) গণতান্ত্রিক সাধারণতন্ত্র (d) ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক
77. নীচের কোন পরিকল্পনায় বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছিল?
(a) সপ্তম পরিকল্পনা (b) পঞ্চম পরিকল্পনা (c) তৃতীয় পরিকল্পনা (d) অষ্টম পরিকল্পনা
78. পঞ্চায়েতীরাজের কোনও নির্বাচিত সভার কার্যকাল:
(a) 5 বছর (b) 4 বছর (c) 3 বছর (d) 1 বছর
79. সমষ্টি-উন্নয়ন প্রকল্পের উদ্দেশ্য কী?
(a) গ্রামবাসীদের শিক্ষার সুযোগ সুবিধা দেওয়া (b) গ্রামবাসীদের চিকিৎসার সুযোগ-সুবিধা দেওয়া (c) গ্রামাঞ্চলের সম্পদের কাম্য ব্যবহার (d) পূর্ণাঙ্গ গ্রামোন্নয়ন
80. পরিকল্পনা কমিশন:
(a) ভারত সরকারের পরিকল্পনা মন্ত্রকের একটি শাখা (b) পঞ্চবার্ষিকী পরিকল্পনা রূপায়িত করিবার দায়িত্বপ্রাপ্ত (c) ভারত সরকারের অর্থমন্ত্রকের একটি বিভাগ (d) একটি উপদেষ্টা সংস্থা
81. নীচের কোনটি মৌলিক অধিকার?
(a) কর্মের অধিকার (b) সম্পত্তির অধিকার (c) বাধ্যতামূলক শিক্ষার অধিকার (d) শোষণের বিরুদ্ধে অধিকার
82. কেন্দ্রীয় পার্লামেন্টের দু-কক্ষের যুগ্ম অধিবেশনে কে সভাপতিত্ব করেন?
(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) রাষ্ট্রপতি (c) লোকসভার অধ্যক্ষ (d) উপরাষ্ট্রপতি
83. ভারতবর্ষের সংবিধান কোন আইনকে মডেল করে গড়ে উঠেছে?
